ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার


# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



যে কারণে 'ট্রয়' সিনেমায় অভিনয় করেননি ঐশ্বরিয়া

পৃঃ ৫



পছন্দের শীর্ষে থাকা আইয়ারকে ছাড়ল কেন কলকাতা?

পৃঃ ৬

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ৩০০ ● কলকাতা ● ২২ কার্তিক, ১৪৩১ ● শুক্রবার ● ০৮ নভেম্বর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## বিদ্যুতের বিল বকেয়া রাখার ক্ষেত্রে

## সাধারণের থেকে অনেক এগিয়ে সরকারি দফতর







**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাজ্য বিদ্যুৎ বণ্টন সংস্থার ঘাড়ে 'ঘরের চাপ'ই বেশি। কারণ, বিদ্যুতের বিল বকেয়া রাখার ক্ষেত্রে সাধারণের থেকে অনেক এগিয়ে সরকারি দফতর। অভিযোগ, এক হাজার কোটি টাকার বেশি বিদ্যুতের টাকা বকেয়া রয়েছে নানা সরকারি দফতরের। এ বার এই সমস্যা মেটাতে 'আগে টাকা, পরে বিদ্যুৎ' পদ্ধতি চাইছে বিদ্যুৎ বণ্টন সংস্থা।বিভিন্ন রাজ্যের বিদ্যুৎ সংস্থাগুলির লোকসান কমাতে গোটা দেশেই স্মার্ট মিটার এবং প্রি-পেড সংযোগ চালুর সিদ্ধান্ত নেয় কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রক। মূল লক্ষ্য বিদ্যুতের অপব্যবহার বন্ধ করা এবং বিল না মেটানোর প্রবণতা রোধ করা। বাংলার বিদ্যুৎ বণ্টন সংস্থার এক কর্তা বলেন, "এখানে সাধারণের থেকে বকেয়া বেশি বিভিন্ন সরকারি দফতরের। পরিমাণটা এক হাজার কোটি টাকার বেশি। খোঁজ নিয়ে হয়তো দেখা যাবে, বিদ্যুৎ বিভাগের কোনও অফিসই দিনের পর দিন বিল মেটায় না।" সরকারি অফিসের সংযোগ সহজে কেটে দেওয়া যায় না বলেই বিল মেটানো হয় না বলেও দাবি ওই কর্তার। স্মার্ট মিটার চালু হলে সেই সমস্যা আর থাকবে না বলেও তাঁর অভিমত।

তাতে সায় রয়েছে নবান্নেরও। সম্প্রতি অর্থ দফতর সব সরকারি দফতরে প্রি-পেড মিটার বসানোর নির্দেশ দিয়েছে। সরকারি নির্দেশ অনুযায়ী, বিভিন্ন ছোট সরকারি অফিসে এ বার প্রি-পেড মিটার লাগানোর কাজ শুরু হবে। অফিসগুলিকে নিয়ম মেনে মোবাইল ফোনের মতো

এরপর ৩ পাতায়

## ট্রাম্পের জয় পাকিস্তানের থেকেও

# ভারতকে বেশি গুরুত্ব এনে দেবে




**বেবি চক্রবর্ত্তী : নিউজ সারাদিন :** মার্কিন প্রেসিডেন্টের কুর্সিতে ফের বসতে চলেছেন ডোনাল্ড ট্রাম্প। ট্রাম্পের এই বিরাট সাফল্যে জানিয়েছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বিপুল ভোটে জেতার পর সাউথ ব্লকের মুচকি হাসি দেখা গেছে। কারণ খোলিস্তানি ইস্যুতে কানাডার তোপ থেকে প্রতিবেশী চীনের রক্তচক্ষু সমস্ত ক্ষেত্রেই ভারতের দিকে খানিকটা ঝুঁকে থাকবেন রিপাবলিকান নেতা। তবে বিশেষজ্ঞরা মনে করছেন, কমলা হ্যারিসের ভারত যোগ যতই গভীর হোক মোদি সরকারের কাছে ট্রাম্পই যে প্রথম পছন্দ তা নিশ্চিত ভাবেই বলা যায়। ট্রাম্পের কট্টর চীন বিরোধী অবস্থানও ভারতের পক্ষে সুবিধা জনক। ট্রাম্প প্রেসিডেন্ট হলে যে বেজিংয়ের অস্বস্তি বাড়বে তাও নিশ্চিত। পাশাপাশি রিপাবলিকান নেতা ক্ষমতায় এলে যে অগ্রাধিকারের তালিকায় পাকিস্তানের থেকেই ভারতই বেশি গুরুত্ব পাবে সেটা ধরেই নেওয়া যায়।

আন্তর্জাতিক মহলে ভারতকে সবচেয়ে অস্বস্তিতে ফেলেছে খলিস্তান বিতর্ক। কানাডার মাটিতে খলিস্তানি জঙ্গি নেতা হরদীপ সিং নিজ্জর খুনে নয়া দিল্লির হাত রয়েছে বলে পার্লামেন্টে দাঁড়িয়ে তো দেখেছেন কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো। ভারতের বিরুদ্ধে কোন প্রমাণ পেশ করতে না পারলেও বিষোদগার করে গেছেন তিনি। ট্রুডোর সুরে সুর মিলিয়েছে জো বাইডেন প্রশাসনও। খলিস্তান ইস্যুতে ভারতের সমর্থনে আমেরিকা সরব হয়নি। কিন্তু ট্রাম্প ক্ষমতায় এলে কানাডাকে পাল্টা দিতে পারেন বলেই দিল্লি আশাবাদী। রাশিয়ার সঙ্গে বাণিজ্যেও ওয়াশিংটন বাধ সাধবেনা

এরপর ৩ পাতায়

## দিল্লিতে ক্ষমতায় থাকলে

### এমার্জেন্সি জারি করতেন মমতা, সাংবাদিক গ্রেফতারিতে সুকান্ত



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিসর্জনে কলকাতার রাজাবারে হিংসার ঘটনা নিয়ে প্রতিবেদন সম্প্রচার করায় একটি সংবাদমাধ্যমের ২ সাংবাদিককে গ্রেফতার করেছে কলকাতা পুলিশ। সঙ্গে বাজেয়াপ্ত করা হয়েছে সংস্থার একাধিক কম্পিউটার। এই ঘটনাকে গণতন্ত্রের ওপর হামলা বলে উল্লেখ করলেন রাজ্য বিজেপি সভাপতি তথা কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। সুকান্তবাবু বলেন, 'এটা গণতন্ত্রের উপর হামলা সংবাদমাধ্যম চতুর্থ স্তম্ভ, গণতন্ত্রের তাদের উপর হামলা। উগ্রপন্থীদের সঙ্গে পুলিশ এরকম আচরণ করে। করা উচিত। পুলিশের আমরা তো কোনদিন দেখিনি পশ্চিমবঙ্গে পুলিশ এরকম উগ্রপন্থীদের সঙ্গে আচরণ করছে। সংবাদমাধ্যমের অফিসে ঢুকে পুলিশের

এরপর ৩ পাতায়

মৃত্যুঞ্জয় সরদারের আটটি বইয়ের মধ্যে
কলকাতার কলেজ স্ট্রিটে
চারটি বই পাওয়া যাচ্ছে।
অন্যান্য বইগুলো সব বিক্রি হয়েছে।

কলেজ স্ট্রিটে
পাওয়া যাচ্ছে বইগুলোর নাম

ঈশ্বরী কথা আর মাতৃ শক্তি কলেজ স্ট্রিট কেশব চন্দ্র স্ট্রিটে, অশোক পাবলিশিং হাউসে

সুন্দরবন ও সুন্দরবনবাসি বর্ণপরিচয় বিল্ডিংয়ে উজ্জ্বল সাহিত্য মন্দিরে

কলেজ স্ট্রিট সারাদিন পাবলিকেশনের পাওয়া যাচ্ছে
আর্তনাদ নামের বইটি।
এই বইটি অনলাইনে বুক করলে পোস্ট অফিসে বাড়ি পৌঁছে যাবে।

যোগাযোগ নম্বর ৯৫৬৪৩৮২০৩১

আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান (বাংলা মাধ্যম)

সরবেড়িয়া আন্-নূর মিশন

(বালক ও বালিকা পৃথক ক্যাম্পাস)
(পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণি) বিজ্ঞান ও কলা বিভাগ

E-mail : sarberia.annoor.mission@gmail.com ● Contact : 9732531171

২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত তথ্য (পঞ্চম থেকে নবম শ্রেণি)

পরীক্ষা কেন্দ্র সরবেড়িয়া আন নূর মিশন
সরবেড়িয়া, এফ.এস.হাট, ন্যাজাট, উঃ ২৪ পরগনা

ফর্ম বিতরণ চলছে (অফলাইনে)

ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ : ৩রা নভেম্বর ২০২৪
ভর্তি পরীক্ষার তারিখ : ১০ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ১২টা
ফলাফল প্রকাশিত হবে : ১৭ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ২টা
ফলাফল জানা যাবে www.annoormission.org
এই website notice board-এ
সফল ছাত্র-ছাত্রীদের অভিভাবক/অভিভাবকা সাক্ষাৎকার ও
ভর্তি প্রক্রিয়া শুরু হবে ২২শে নভেম্বর থেকে ৩০শে নভেম্বর ২০২৪
ফর্মের মূল্য : ৫০.০০ টাকা

Girl's Hostel



Boy's Hostel



আবাসিক শিক্ষক চাই
বায়োলজি
এমএসসি অনার্স
ও একজন
কম্পিউটার
টিচার লাগবে
সত্বর Resume mail করুন

ফর্ম পাওয়ার জন্য বিস্তারিত জানতে যোগাযোগ করুন ফর্ম বিতরণ কেন্দ্রগুলিতে

❖ সরবেড়িয়া আন নূর মিশন
সরবেড়িয়া, এফ.এস. হাট, ন্যাজাট, উঃ ২৪ পঃ
মোঃ - ৯৫৬৪০১১৯০৬ / ৯৭৩৪৫৪৯৫০৫

❖ নিউ বিশ্বাস জেরক্স
মুরারীসাহা চৌমাথা, ভেবিয়া, উঃ ২৪ পঃ
মোঃ - ৯৬০৯০৮২৪১৬

❖ আদর্শ শিশু নিকেতন
ভাঙনখালি, (কলতলা মোড়) বাসন্তী, দঃ ২৪ পঃ মোঃ - ৮১৪৫২৫০০৮০

❖ সাগরিকা লাইব্রেরী
বিজয়গঞ্জ বাজার, ভাঙ্গর, দঃ ২৪ পঃ মোঃ - ৯৭৩৫২৮০৪০৭

❖ আরফান আলি বিশ্বাস
দেবগ্রাম, কাটোয়া মোড়, নদীয়া মোঃ - ৯১৫৩৯৩২৯০৬

## সাম্প্রদায়িক সম্প্রীতির মিলনে

# রিষড়ায় অনুষ্ঠিত হলো ছট পূজো

**রিষড়া, হুগলি : নিউজ সারাদিন** : হুগলির রিষড়ায় ছট পুজো উপলক্ষে সাম্প্রদায়িক সম্প্রীতির মিলন দেখা গেল। হিন্দু-মুসলিম উভয় সম্প্রদায়ের পারস্পরিক সহযোগিতায় ছট পুজোর অনুষ্ঠানটি অন্য মাত্রা পায়। রিষড়া ফেরিঘাটে রিষড়া পৌরসভার ছট পুজো কমিটির উদ্যোগে নিষ্টার সঙ্গে ফেরিঘাটে শান্তিপূর্ণভাবে ছট পুজো সম্পন্ন হয়। রিষড়া পৌর প্রধান বিজয় সাগর মিশ্রা ও উপ পৌর প্রধান জাহিদ হাসান খানের উদ্যোগে এই গঙ্গার ঘাটটিকে সংস্কার করা হয়। ছট পুজোর জন্য ঘাটের পাশে বড় কাঠের ঘর তৈরি করে দেয় পুরসভা। পুজোয় ভক্তদের জন্য পর্যাপ্ত আলো ও পানীয় জলের ব্যবস্থাও করা হয়েছিল। এছাড়া যথাযথ নিরাপত্তার ও ব্যবস্থা করা হয়। ছট পূজা কমিটি, এই পূজার জন্য গঙ্গার ঘাট সংলগ্ন এলাকা সুন্দরভাবে সাজিয়ে তোলে। দূর দূরান্ত থেকে ব্যান্ড তাসা বাজিয়ে হাজার হাজার ভক্ত কাঁদে কলার কাঁদি নিয়ে ছট পূজায় অংশ নেন। উভয় সম্প্রদায়ের মানুষ তা প্রত্যক্ষ করেন। রিষড়া পৌরসভার পক্ষ থেকে গঙ্গার ধারে প্রত্যেকটি ঘাটে লঞ্চ নিয়ে অন্যান্যদের সাথে পৌরপ্রধান পর্যবেক্ষণ করেন। আজকের এই সম্প্রীতির মিলন মেলা যেন অসাধারণ হয়ে ওঠে। পৌর প্রধান বিজয় সাগর মিশ্রা বলেন একমাস ধরে ছট পুজার প্রস্তুতি চলেছে।গঙ্গার ঘাট গুলি সংস্কার করা হয়েছে।ভক্তরা নির্বিঘ্নে গঙ্গায় নেমে যথাযথ উপাচার সামগ্রীর মাধ্যমে পুজো সম্পন্ন করেন। ওই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সি , আই, সি, পারিসদ মনোজ সাউ, সি,আই সি, পারিসদ উষা দেবি সাউ, প্রকাশ সাউ, তাপস সরখেল প্রমুখ বিশিষ্ট ব্যক্তিরা।

## ভদ্রেশ্বর গৌরহাটির

# জগদ্ধাত্রী পুজোকে ঘিরে উদ্দীপনা



**বলাইচাঁদ মুখোপাধ্যায়, ভদ্রেশ্বর, হুগলি : নিউজ সারাদিন** : যথেষ্ট জাকযমকপূর্ণ ভাবেই পালিত হচ্ছে, ভদ্রেশ্বর গৌরহাটি নাগরিকবৃন্দের জগদ্ধাত্রী পুজো। চন্দননগরের জগদ্ধাত্রী পুজোয় চমক লেগেই থাকে। তাই চন্দননগরের লাগোয়া ভদ্রেশ্বর গৌরহাটির নাগরিকবৃন্দের সম্মিলিত পুজো কমিটির সম্পাদক সন্তোষ সাহা বলেন, পঞ্চমী থেকে এই মা কে ১৯ টি বেনারসি শাড়ি পরিয়ে দেওয়া হয়েছে।। অষ্টমী পূজার দিন মাকে ফুল ও সোনার এবং রুপোর গয়না দিয়ে সাজিয়ে তোলা হয়। নবমী পূজোর দিন হাজার হাজার মানুষ মাকে পুজো দেন। নবমী পূজার দিন মায়ের কাছে পাঠা বলি দেওয়া হয়। পাশাপাশি ওই দিনই প্রায় দশ হাজার মানুষকে মায়ের ভোগ খাওয়ানো হয়। সন্ধ্যেবেলা রীতি মেনেই আরতি হয়। একাদশী দিন পূজোর বরণ অনুষ্ঠানের পর গাড়ি করে বেরিয়ে কয়েক হাজার মানুষকে লাড্ডু বিতরণ করা হয়। এই পুজোকে ঘিরে এলাকায় আনন্দের জোয়ার বয়ে যায়।

## ট্রাম্পের জয়ের পর কঠিন পরিস্থিতিতে ভাষণ দেবেন বাইডেন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : ডোনাল্ড ট্রাম্প যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনে পুনরায় বিজয়ী হওয়ার পর বর্তমান প্রেসিডেন্ট জো বাইডেন হোয়াইট হাউস থেকে জাতির উদ্দেশে ভাষণ দিতে প্রস্তুত হচ্ছেন। আগামীকাল সকাল ১১টায় এই ভাষণটি হওয়ার কথা। গার্ডিয়ানের খবর অনুসারে, বাইডেনের জন্য এই ভাষণটি সহজ হবে না। তিনি গত জুলাই মাসে নিজের পুনঃনির্বাচনের প্রচার বন্ধ করে তার ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিসকে সমর্থন জানিয়েছিলেন। তবে ট্রাম্পের কাছে হেরে যাওয়ায় তাদের প্রচেষ্টা ব্যর্থ হলো।

উল্লেখ্য, ট্রাম্প ২০20 সালের নির্বাচনে বাইডেনের কাছে পরাজিত হয়েছিলেন। কিন্তু

এরপর ৩ পাতায়

## চিকিৎসকের আত্মহত্যা এলাকায় চাঞ্চল্য



**অরূপ ঘোষ, ঝাড়গ্রাম : নিউজ সারাদিন** : ঝাড়গ্রাম মেডিক্যাল কলেজ ও হাসপাতালের এক চিকিৎসকের আত্মহত্যা এলাকায় চাঞ্চল্য। বৃহস্পতিবার ঝাড়গ্রাম মেডিক্যাল কলেজ ও হাসপাতালের এক চিকিৎসকের আত্মহত্যার ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। ঝাড়গ্রাম শহরের ঘোড়াধরা এলাকার একটি বেসরকারি অতিথী শালার ফ্লাটের পাঁচতলার একটি রুমে ভাড়ায় থাকতেন ঝাড়গ্রাম মেডিক্যাল কলেজ ও হাসপাতালে কর্মরত চিকিৎসক দীপ্র ভট্টাচার্য। ঝাড়গ্রাম মেডিক্যালে সিনিয়র রেসিডেন্স ছিলেন। ডাক্তার দীপ্র ভট্টাচার্য বৃহস্পতিবার কলকাতার বেহালার বাড়ি থেকে এসে ওই অতিথি শালার ভাড়া নেওয়া রুমে আসেন। বাড়ি থেকে এসেই রুমের ভিতরে থাকেন। পুলিশ জানিয়েছে, চিকিৎসকের স্ত্রী বারবার ফোন করায় ফোন না রিসিভ করায় ওই চিকিৎসকের এক বান্ধবীকে বিষয়টি জানান এরপর ওই চিকিৎসকের বান্ধবী ওই হোটেলে গিয়ে বিষয়টি ম্যানেজারকে বলেন, এর পর অনেক ডাকাডাকি করে ডাক্তারবাবুর কোন সাড়াশব্দ পাওয়া যায়নি। যার ফলে ওখানে দরজা ভেঙে ফেলা হয়। দরজা ভেঙ্গে ভিতরে গিয়ে দেখেন তিনি বিছানায় মৃত অবস্থায় পড়ে রয়েছেন। এরপরই জানানো হয় ঝাড়গ্রাম থানার পুলিশকে। ঝাড়গ্রাম থানার পুলিশ দেহটি উদ্ধার করে ঝাড়গ্রাম মেডিক্যাল কলেজ ও হাসপাতালের মর্গে ময়নাতদন্তের জন্য পাঠায়। পুলিশ সুত্রে জানা যায় মৃত দেহের পাশ থেকে উদ্ধার হয়েছে একটি সুসাইড নোট ও ইনজেকশনের সিরিঞ্জ। কেটামাইন ওষুধ পড়ে থাকা ওই সিড়িঞ্জে পাওয়া গেছে বলে সূত্রের খবর। দীপ্র ভট্টাচার্য এসআর আনেস্থেশিয়া বিভাগের চিকিৎসক ছিলেন। ঝাড়গ্রাম মেডিক্যাল কলেজ থেকে ২০২৩ সালে এমডি অ্যানেস্থেশিয়া পাস আউট হয়ে ঝাড়গ্রাম মেডিক্যাল কলেজ ও হাসপাতালে চিকিৎসক হিসেবে চাকরিতে যোগদান করেন। মাত্র দেড় বছর আগে তিনি বিবাহ করেছিলেন ওই চিকিৎসক। বাড়িতে বাবা মা ও তার স্ত্রী রয়েছে। বৃহস্পতিবার সকালেই তিনি বাড়ি থেকে ঝাড়গ্রামে এসেছিলেন। যার ফলে ওই চিকিৎসকের মৃত্যুর ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। ঠিক কি কারণে ওই চিকিৎসক আত্মহত্যা করেছে তা খতিয়ে রাখার জন্য ঝাড়গ্রাম থানার পুলিশ তদন্তের কাজ শুরু করেছে। এ বিষয়ে ঝাড়গ্রাম জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার বলেন, ঘটনাস্থল থেকে দুটি সিরিঞ্জ সহ বেশ কিছু জিনিসপত্র উদ্ধার হয়েছে সেগুলো তদন্ত স্বার্থে ফরেনসিকে পাঠানো হবে, আগামীকাল পরীক্ষা করা হবে। বৃহস্পতিবার (ঘটনার দিন) পোস্টমার্টাম করা হতেও পারে পরিবার চাইলে, নচেৎ শুক্রবার করা হবে। মৃতের বান্ধবীর কাছ থেকে চিকিৎসকের বউকে পাঠানো মেসেজ সবচেয়ে গুরুত্বপূর্ণ সেখানে মানসিক অশান্তি, পারিবারিক অশান্তি, কার্যক্ষেত্রে অশান্তির বিভিন্ন বিষয় ওই চিকিৎসক ম্যাসেজে তুলে ধরেছে। তবে গোটা বিষয়টা পুলিশ তদন্ত করে দেখছে।







## স্কটিশ চার্চ কলেজে প্রভুপাদের নামে সেমিনার কক্ষ



**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন** : ভক্তিবেদান্ত রিসার্চ সেন্টারের সহায়তায় ভারতের প্রাচীন ঐতিহ্যবাহী স্কটিশ চার্চ কলেজে অভয়চরণ দে যিনি এ সি ভক্তিবেদান্ত প্রভুপাদের নামে পরিচিত, তাঁর নামে তৈরি হল একটি সেমিনার কক্ষ। সেমিনার কক্ষের নাম দেওয়া হয়েছে অভয়চরণ সেমিনার হল।স্কটিশ চার্চ কলেজ ভারতের প্রাচীনতম খ্রিস্টীয় প্রতিষ্ঠান,যেখানে কলা , বিজ্ঞান , বাণিজ্য , এবং ব্যবসা বিভাগে স্নাতক স্তর এবং শিক্ষক শিক্ষণ কলেজ। এটি কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে পঞ্চম প্রতিষ্ঠান এবং দ্বিতীয় খ্রিস্টান সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত কলেজ। কলকাতার এই প্রাচীন মহাবিদ্যালয় শিক্ষাপ্রাপ্ত হন অভয়চরণ দে,যিনি ভক্তিবেদান্ত প্রভুপাদ নামে পরবর্তী সময় বিশ্বখ্যাত হন।

প্রভুপাদর মূল সাধনার বিষয় গৌড়ীয় বৈষ্ণব ধর্ম দর্শন এবং ইসকন নামক বিশ্ববন্দিত সংস্থানের প্রতিষ্ঠাতা-আচার্য। তিনি ছিলেন ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের শিষ্য। হিন্দুধর্মের গৌড়ীয় বৈষ্ণব মতবাদটি তিনি কেবল দেশেই নয় সারা বিশ্বে ছড়িয়ে দিয়েছিলেন।


১৯১৬ সালে বি এ পড়ার জন্য তিনি স্কটিশ চার্চ কলেজ ভর্তি হন। লীলামৃত অনুযায়ী তিনি প্রথম বর্ষে ইংরেজি, সংস্কৃত, দ্বিতীয় বর্ষে সংস্কৃত ও দর্শন এবং তৃতীয় বর্ষে দর্শন ও অর্থনীতি নিয়ে পড়াশোনা করেন এই কলেজ থেকে । তাই তাঁর স্মরণে ভক্তিবেদান্ত রিসার্চ সেন্টারের সহযোগিতায় বুধবার স্কটিশ চার্চ কলেজে তাঁর নামাঙ্কিত আলোচনা সভা কক্ষের দ্বারোদঘাটন হল।

ভক্তিবেদান্ত রিসার্চ সেন্টার একটি শিক্ষামূলক প্রতিষ্ঠান , যাঁরা দীর্ঘদিন ধরে ভারতীয় প্রাচীন সাহিত্য যেমন রামায়ণ,মহাভারত, পুরাণ, দর্শন ও গৌড়ীয় বৈষ্ণব ধর্ম নিয়ে গবেষণা করে আসছে। পাশাপাশি বিভিন্ন পুথি ও প্রাচীন বই উদ্ধার,সংরক্ষণ ও পুর্নমূদ্রণ করে আসছে।

স্কটিশ চার্চ কলেজের অধ্যক্ষা মধুমঞ্জরী মন্ডল বলেন,এতবড় মহাপুরুষ তাদের কলেজে পড়াশোনা করেছেন এটা তাদের কাছে খুবই গর্বের বিষয়। তাই তাঁর নামে সেমিনার হল তৈরি করতে পেরে তারা খুশি।

ভক্তিবেদান্ত রিসার্চ সেন্টারের ডিন ড. সুমন্ত রূদ্র বলেন,ভক্তিবেদান্ত রিসার্চ সেন্টারের এমন উদ্যোগ ছাত্র,গবেষক, শিক্ষকদের অনুপ্রাণিত করবে।

এদিনের অনুষ্ঠানে বক্তব্য রাখেন স্কটিশ চার্চ কলেজ কাউন্সিলের সভাপতি ও কলকাতার বিশপ রেভারেন্ড পরিতোষ ক্যানিং, স্কটিশ চার্চ কলেজের উপাধ্যক্ষ ডক্টর সুপ্রতিম দাস প্রমুখ। এছাড়াও উপস্থিত ছিলেন কলকাতা ইস্কনের সহ-সভাপতি রাধারমণ দাস প্রমুখ।



## দেশব্যাপী ডিজিটাল

# জীবন শংসাপত্র তৃতীয় পর্যায়ের প্রচারাভিযানের জন্য পিআইবি-র বিবৃতি

**নয়াদিল্লি, ০৭ নভেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন** : পেনশন ও পেনশনভোগী কল্যাণ বিভাগ মুখাবয়ব শনাক্তকরণ প্রযুক্তির মাধ্যমে পেনশনভোগীদের জীবন শংসাপত্র জমা দেওয়ার প্রক্রিয়াকে সহজ করতে চলতি বছরের নভেম্বর মাসে দেশব্যাপী ডিজিটাল জীবন শংসাপত্র প্রচারাভিযানের তৃতীয় পর্যায়ের আয়োজন করেছে। এই পদ্ধতিতে পেনশনভোগীরা অ্যান্ড্রয়েড স্মার্ট ফোনের আধার লিঙ্ক-যুক্ত পরিচয়ের মাধ্যমে শংসাপত্র জমা দিতে সক্ষম হবেন। এর আগে জীবন শংসাপত্র জমা দেওয়ার জন্য পেনশনভোগীদের পেনশন বিতরণ অফিসে যেতে হ'ত, যা বয়স্কদের জন্য বিশেষ অসুবিধার ছিল। মুখাবয়ব শনাক্তকরণের মাধ্যমে জীবন শংসাপত্র প্রদান এই প্রক্রিয়াকে সহজ করেছে। ২০২২ সালে ডিওপিটিডব্লিউ সমগ্র দেশের ৩৭টি স্থানে এই ধরনের শিবিরের আয়োজন করেছিল। এ থেকে উপকৃত হন ১ কোটি ৪১ লক্ষ পেনশনভোগী। ২০২৩ সালে তা বাড়িয়ে ১০০টি স্থানে করা হয়। চলতি বছরের পয়লা নভেম্বর থেকে ৩০ নভেম্বর পর্যন্ত দেশের ৮০০টি স্থানে এই ব্যবস্থা চালু থাকছে। প্রবীন নাগরিক, দিব্যাঙ্গজন সহ অন্যান্য পেনশনভোগীদের সুবিধার্থে এই ডিজিটাল জীবন শংসাপত্র বিশেষ উপকারী। সামাজিক মাধ্যমেও এই অভিযানের প্রচার চালানো হচ্ছে। তৃতীয় দফার এই অভিযানে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া বড় শিবিরের আয়োজন করছে।

## বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে হরিপালে ছট পুজো সম্পন্ন



**বলাইচাঁদ মুখোপাধ্যায়, হরিপাল, হুগলি : নিউজ সারাদিন** : হরিপাল ছট পুজো কমিটির উদ্যোগে হিন্দি ভাষাভাষী মানুষদের সর্ববৃহৎ উৎসব ছট পূজা বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে শুরু হয়েছে আগামীকালও এই অনুষ্ঠান চলবে বলে জানা যায়। আজকের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের কৃষি বিপণন ও পঞ্চায়েত দপ্তরের প্রতি মন্ত্রী বেচারাম মান্না হুগলির,ডিএসপি হেডকোয়ার্টার অগ্নিশ্বর চৌধুরী, ওসি হরিপাল কৌশিক সরকার, হরিপালের বিধায়ীকা ডক্টর করবী মান্না, হরিপাল পঞ্চায়েত সমিতির সভাপতি সুচন্দ্রা ধোলে অধিকারী , সহ সভাপতি বাবলু গায়েন ,আশুতোষ গ্রাম পঞ্চায়েতের প্রধান সুমিত সরকার, উপপ্রধান সংকরী মাঝি,সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তি বৃন্দ। অনুষ্ঠানে বেচারাম মান্না বলেন ছট পুজো আসলে সূর্য দেবতা এবং ছোট মাতার পূজা সারা ভারত বর্ষে আজকে বিভিন্ন নদী এবং জলাশয়ে হিন্দি ভাষাভাষী মা-বোনেরা এই পুজোয় শামিল হন। এটি একটি কঠিন ব্রত এই ব্রত পালনে যে যার মনস কামনা পূরণ হয় বলে কথিত। ছট পুজোর সঙ্গে একনিষ্ঠ ভাবে জড়িত বিকাশ রায় বলেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির অনুপ্রেরণায় এই ছট পুজো এক অন্য মাত্রায় পৌঁছেছে এখন আমরা এই ছট পূজায় দুদিন ছুটি পাই, সাথে সাথে হরিপালের ছট পুজোকে কেন্দ্র করে মন্ত্রী বেচারাম মান্না এবং বিধায়িকা করবি মান্নার অকুণ্ঠ সহযোগিতার প্রতি তিনি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

## আইএফএফআই ২০২৪ :

# ৬টি ছবি দেখানো হবে ওয়ার্ক-ইন-প্রোগ্রেস ল্যাবে

**IFFIWood, 7 নভেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন :** ফিল্ম বাজার ঘোষণা করেছে এ বছর আইএফএফআই-তে ওয়ার্ক-ইন-প্রোগ্রেস ল্যাবের জন্য মনোনীত হয়েছে ৬টি ব্যতিক্রমী কাহিনীচিত্র। মনোনীত ছবিগুলি হল :

১. শেপ অফ মোমোজ- পরিচালনা ত্রিবেণী রায় (নেপালী)

২. গাংশালিক (রিভার বার্ড)- পরিচালনা শক্তিধর বীর (বাংলা)

৩. ইয়েরা মান্দরম (দ্য রেড হিবিসকাস)- পরিচালনা মোহন কুমার বালাসালা (তেলুগু)

৪. কাট্টি রি রাট্টি (হান্টার্স মুন)- পরিচালনা রিধম জানবে (গড্ডি, নেপালী)

৫. ওমল- পরিচালনা সিদ্ধার্থ বাড়ি (মারাঠি)

৬. দ্য গুড, দ্য ব্যাড, দ্য হাংরি- পরিচালনা বিবেক কুমার (হিন্দি)

কালের পরীক্ষায় উত্তীর্ণ মডেল অনুসরণ করে এ বছর ল্যাব অনলাইন এবং অফলাইন দু-রকম অধিবেশনেরই আয়োজন করছে। বিভিন্ন মাধ্যমের মিশ্রণে চলচ্চিত্র পরিচালক এবং শিক্ষকরা তাৎক্ষণিক ভাবনাচিন্তা করতে পারবেন এবং পোস্ট প্রোডাকশনের জন্য কী কী সহায়তা লাগবে, তাও নির্ধারণ করতে পারবেন।

৬টির মধ্যে ৫টি ছবিই তরুণ এবং উদীয়মান পরিচালকের প্রথম কাজ। ছবিগুলি শুধু বৈচিত্র্যময় কাহিনীই পরিবেশন করবে তাই নয়, সাংস্কৃতিক প্রেক্ষাপটের মূল্যবান ঐতিহ্যকেও তুলে ধরবে। ভারতের আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব এ মাসেই ৫৫ বছরে পা দিচ্ছে। এবারের উৎসবে বিশেষভাবে নজর দেওয়া হচ্ছে তরুণ চলচ্চিত্রকারদের ওপর। তুলে ধরা হচ্ছে কাহিনী পরিবেশনে তাঁদের নতুন উদ্ভাবন এবং নতুন ভাবনা। ওয়ার্ক-ইন-প্রোগ্রেস বিভাগের ব্যবস্থা থেকে বোঝা যায়, সৃষ্টিশীলতার লালনে আইএফএফআই-এর দায়বদ্ধতা। এমন কাহিনীকে প্রাধান্য দেওয়া হয় যা বিভিন্ন ধরনের দর্শককে মুগ্ধ করবে এবং সমকালীন নানা জটিলতার খোঁজ পাওয়া যাবে, নব প্রজন্মের শিল্পীদের দেখার মধ্য দিয়ে। চলচ্চিত্রের জন্য এ এক দারুণ সময় এবং উদীয়মান এই কণ্ঠস্বরগুলিকে তুলে ধরতে ফিল্ম বাজার রয়েছে সর্বাগ্রে।

১-ম পাতার পর

# রাজ্যসভা ভোটের প্রার্থিতালিকা ঘোষণা করে দিল তৃণমূল

বিদ্যুতের মিটার 'রিচার্জ' করাতে হবে। অর্থাৎ, আগাম দিয়ে রাখতে হবে বিদ্যুৎ খরচের টাকা। জমা রাখা টাকা শেষ হয়ে গেলে আপনা থেকেই মিটারের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হয়ে যাবে।রাজ্যের অর্থ দফতর গত ২৮ অক্টোবর এই মর্মে একটি নির্দেশিকা প্রকাশ করেছে। সেটি আনন্দবাজার অনলাইনের হেফাজতে রয়েছে। তাতে বলা হয়েছে, বিদ্যুৎ বণ্টন সংস্থা সব সরকারি অফিসে 'স্মার্ট ইলেকট্রিক মিটার' বসানোর সিদ্ধান্ত নিয়েছে। সব সরকারি দফতর আগাম বিদ্যুতের খরচ 'রিচার্জ' করে নিতে পারবে। একসঙ্গে কয়েক মাসের টাকা জমা দেওয়া গেলেও মাসে মাসে রিচার্জের কথাই বলেছে অর্থ দফতর। এর জন্য ট্রেজারি থেকে আগাম টাকাও পাওয়া যাবে। তবে নির্দেশে এ-ও স্পষ্ট করা হয়েছে যে, কোনও অফিস রিচার্জের জন্য নেওয়া টাকা দিয়ে বিদ্যুৎ বিলের বকেয়া টাকা মেটাতে পারবে না।বিদ্যুৎ বণ্টন সংস্থা সূত্রে জানা গিয়েছে, এমন উদ্যোগ এই প্রথম নয়। কেন্দ্রীয় সরকারের নির্দেশ মেনে ২০২৩ সালের মধ্যেই প্রথম পর্যায়ের 'স্মার্ট মিটার' চালুর কাজ শেষ করার কথা ছিল। তাতে শুরুতেই সরকারি অফিসে মিটার বসানোর কথা। কিন্তু সেই উদ্যোগ সে ভাবে সফল হয়নি। এ নিয়ে দেশের অন্য রাজ্যের মতো বাংলাতেও বিরোধিতা তৈরি হয়। এর পরে রাজ্যের বিদ্যুৎ রেগুলেটরি কমিশনে যায় বিদ্যুৎ বণ্টন সংস্থা। জানানো হয়, কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রকের 'রিভ্যাম্পড ডিস্ট্রিবিউশন সেক্টর স্কিম' ঘোষণা হয় ২০২২ সালের অগস্টে। পরের বছর সেপ্টেম্বরে কী ভাবে বাংলায় তা চালু করা হবে, তা ঠিক করে বিদ্যুৎ বণ্টন সংস্থা। এ-ও বলা হয় যে, কোনও সরকারি অফিস যদি 'পোস্ট-পেড' থেকে 'প্রি-পেড' পদ্ধতিতে আসতে চায় তবে সংশ্লিষ্ট সংস্থাকে পরের দশ দিনের মধ্যে বকেয়া মিটিয়ে ফেলতে হবে। তাতে বকেয়ার উপরে ৪ শতাংশ ছাড় পাওয়া যাবে। বিদ্যুৎ বণ্টন সংস্থার আবেদনের প্রেক্ষিতে ওই প্রস্তাব কার্যকরের পক্ষেই রায় দেয় বিদ্যুৎ রেগুলেটরি কমিশন। গত ২০ ফেব্রুয়ারি সেই রায় মেলার পরে এ বার অর্থ দফতরও সব অফিসকে আগাম বিদ্যুৎ বিল মেটানোর অনুমতি দিয়েছে। বলা হয়েছে, প্রত্যেক অফিসকেই মিটার পরিবর্তনের জন্য সংশ্লিষ্ট দফতরের প্রধান কার্যালয়ের অনুমোদন নিতে হবে।

তবে শুধু সরকারি অফিসেই নয়, ধাপে ধাপে শিল্প এবং বাণিজ্যিক সংযোগের ক্ষেত্রেও প্রি-পেড পদ্ধতি চালু করতে চায় বিদ্যুৎ বণ্টন সংস্থা। সেই সঙ্গে বড় শহরগুলি দিয়ে শুরু হবে সাধারণ গ্রাহকদের মিটার-বদল প্রক্রিয়া। প্রথম ধাপে ৫ থেকে ৫০ কেভি বিদ্যুৎ খরচ হয়, এমন সংস্থাই লক্ষ্য। এর পরে পুরসভা এবং পঞ্চায়েতগুলিতেও প্রি-পেড মিটার বসানোর লক্ষ্য রয়েছে। বিদ্যুৎ দফতরের এক কর্তা বলেন, "প্রথম দফায় সাধারণ ইলেকট্রনিক মিটার বদলে সব মিলিয়ে প্রায় আড়াই লক্ষ স্মার্ট মিটার বসানোর পরিকল্পনা আছে। ধাপে ধাপে কাজ চলবে। ২০২৫ সালের মধ্যে মোট ৫০ লাখ স্মার্ট মিটার বসানোর পরিকল্পনা করা হয়েছে।" রাজ্য বিদ্যুৎ বণ্টন সংস্থা ইতিমধ্যেই স্মার্ট মিটার কেনার প্রক্রিয়া শুরু করেছে বলে জানিয়েছেন ওই কর্তা। তাঁর কথায়, মিটার প্রস্তুতকারী সংস্থাকে ইতিমধ্যেই বরাত দেওয়া হয়েছে।

১-ম পাতার পর

# ট্রাম্পের জয় পাকিস্তানের থেকেও ভারতকে বেশি গুরুত্ব এনে দেবে

বলেই অনুমান বিশেষজ্ঞদের। ট্রাম্প স্বয়ং দিল্লির আশা আরো বাড়িয়ে দিয়েছেন। নির্বাচনের আগে দীপাবলি উপলক্ষে এক বার্তায় ট্রাম্প জানিয়েছিলেন, প্রেসিডেন্ট হওয়ার পর মোদির সঙ্গে সম্পর্কে আরো উন্নতি ঘটাবেন। এই বার্তায় ভরসা রাখতে চাইছে নতুন দিল্লি। ট্রাম্প সরকারে আসলে ভারত মার্কিন বাণিজ্য বাড়তে পারে। চীনের সঙ্গে আমেরিকার বাণিজ্য যুদ্ধেও লাভবান হবে ভারতের বণিক মহল। অস্ত্র বিক্রি বা প্রযুক্তি হস্তান্তর সমস্ত ক্ষেত্রেই আরো গতি আসবে বলে মনে করা হচ্ছে।

১-ম পাতার পর

# দিল্লিতে ক্ষমতায় থাকলে এমার্জেন্সি জারি করতেন মমতা, সাংবাদিক গ্রেফতারিতে সুকান্ত

এরকম আচরণ আমি মহামান্য আদালতের কাছে অনুরোধ করব দৃষ্টান্তমূলক আদেশ আগামী দিনে আসে। পলিটিক্যাল চাপে পুলিশ অপরাধ করেছে।'তিনি বলেন, কেন্দ্রে ক্ষমতায় নেই বলে ইন্দিরা গান্ধীর মতো ইমারজেন্সি জারি করতে পারছেন না মমতা বন্দ্যোপাধ্যায়।

সুকান্তবাবু বলেন, 'গণতন্ত্রের উপর হামলা, ডেমোক্রেসির উপরে হামলা ছাড়া আর কিছু না। যে ভাবে সংবাদমাধ্যমের কর্মীদের ওপরে হামলা থেকে শুরু করে পুলিশে গ্রেফতারি থেকে শুরু করে ল্যাপটপ নিয়ে যাওয়া হয়েছে এটা একদম এমার্জেন্সি। এটা আমাদের মনে হচ্ছে ইন্দিরা গান্ধী একসময় এমার্জেন্সি করেছিলেন, মমতা বন্দ্যোপাধ্যায় ক্ষমতা নেই তাই উনি পারছেন না। ক্ষমতায় থাকলে উনি এমার্জেন্সি করে দিতেন।'

## মিডিয়া কর্মীরাদের ছট পূজার সামগ্রী বিতরণ



**কলকাতা : নিউজ সারাদিন :** প্রতি বছরের মতো, এই বছরও ছট পূজা উপলক্ষে, ইন্ডিয়ান কাউন্সিল অফ প্রেস মিডিয়া অ্যান্ড স্যাটেলাইট ব্রডকাস্টিং (আইসিপিএমএসবি) ১২১ জন ছট ভক্তকে কলার কাঁদি এবং ফল বিতরণ করেছে। আইসিপিএমএসবি জাতীয় সাধারণ সম্পাদক নকুল কুমার মন্ডল ও কোষাধ্যক্ষ জাকির আলী জানান, প্রতি বছরের মতো এ বছরও ছট পূজা উপলক্ষে ভক্তদের অফিসে কাঁদি এবং ফল বিতরণ করা হয়। এ সময় উপস্থিত ছিলেন আইসিপিএমএসবি চেয়ারম্যান জগদীশ যাদব, ভাইস চেয়ারম্যান মুস্তাফিজ হাশমি, সহ সভাপতি শিবমঙ্গল প্রসাদ, কিশোর যাদব, সতীশ সাও, মো. জহির, অমিত গুপ্ত, মিঠুন ঘোষ, জীবন যাদব, সন্দীপ যাদব, জয়দীপ যাদব প্রমুখ উপস্থিত ছিলেন।

## ভারতের খাদ্য নিগম-এ ইক্যুইটি মারফৎ ১০ হাজার ৭০০ কোটি টাকা

# মূলধনী বিনিয়োগে ছাড়পত্র কেন্দ্রীয় মন্ত্রিসভার

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর পৌরহিত্যে কেন্দ্রীয় মন্ত্রিসভার অর্থনৈতিক বিষয়ক কমিটি ২০২৪-২৫ অর্থবর্ষে ভারতীয় খাদ্য নিগম-এ ইক্যুইটি মারফৎ ১০ হাজার ৭০০ কোটি টাকার মূলধনী বিনিয়োগে অনুমোদন দিয়েছে। এর লক্ষ্য, কৃষি ক্ষেত্রের বিকাশ এবং কৃষকদের আর্থ-সামাজিক উন্নয়ন। ১৯৬৪ সালে ১০০ কোটি টাকার অনুমোদিত তহবিল নিয়ে ভারতীয় খাদ্য নিগম-এর যাত্রা শুরু হয়। এরপর থেকেই এই সংস্থার কাজকর্মের পরিধি ধারাবাহিকভাবে বেড়ে চলে। ২০২৩ সালের ফেব্রুয়ারি মাসে অনুমোদিত মূলধনের পরিমাণ ১১ হাজার কোটি টাকা থেকে বাড়িয়ে ২১ হাজার কোটি টাকা করা হয়। ন্যূনতম সহায়ক মূল্যে খাদ্যশস্য ক্রয়ের মাধ্যমে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করায় এই সংস্থার গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। খাদ্যের মজুত ভাণ্ডার, কল্যাণমূলক নানা প্রকল্প বাবদ বিতরণ এবং বাজারে খাদ্যশস্যের দাম স্থিতিশীল রাখার প্রশ্নে সরকারের উদ্যোগ মূলত পরিচালিত হয় খাদ্য নিগমের মাধ্যমে। ইক্যুইটি মূলধন বাবদ এই বিনিয়োগ সংস্থাটির সুদের বোঝা এবং ভর্তুকি প্রদানের ক্ষেত্রে ভারত সরকারের বাধ্যবাধকতাও পরবর্তী সময়ে হ্রাস করবে। ন্যূনতম সহায়ক মূল্যের শস্য ক্রয় এবং খাদ্য নিগম-এ বিনিয়োগ, কৃষকদের ক্ষমতায়ন, কৃষি ক্ষেত্রের উন্নয়ন এবং দেশের খাদ্য নিরাপত্তার প্রশ্নে ভারত সরকারের দায়বদ্ধতারই প্রতিফলন।

## ভারত সরকার গ্রীন হাইড্রোজেনের গবেষণা

# ও উন্নয়নের জন্য একটি উৎকর্ষ কেন্দ্র স্থাপনের প্রস্তাব চেয়ে আমন্ত্রণ জানিয়েছে

**নয়াদিল্লি, ০৭ নভেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন :** ভারত সরকার জাতীয় গ্রীন হাইড্রোজেন মিশন গবেষণা ও উন্নয়ন প্রকল্পের আওতায় একটি উৎকর্ষ কেন্দ্র স্থাপনের জন্য আমন্ত্রণ চেয়েছে। পুনর্নবীকরণযোগ্য শক্তি মন্ত্রক ৪ নভেম্বর এই প্রস্তাব চেয়ে পাঠিয়েছে।

ভারতে সবুজ হাইড্রোজেনের জন্য বিশ্বমানের উৎকর্ষ কেন্দ্র প্রতিষ্ঠার উদ্দেশ্য হ'ল - দীর্ঘমেয়াদে জ্বালানী খাতে উদ্ভাবন ও স্বনির্ভরতার মানোন্নয়ন করা। উৎকর্ষ কেন্দ্রগুলি গ্রীন হাইড্রোজেনের উৎপাদন এবং সঞ্চয় ও ব্যবহার প্রযুক্তির মাধ্যমে কার্বন-ভিত্তিক অর্থনীতিকে ত্বরান্বিত করবে।

এই কেন্দ্রগুলি অত্যাধুনিক গবেষণা, দক্ষতা উন্নয়ন এবং জ্ঞান বিতরণের কেন্দ্রবিন্দু হিসেবে কাজ করবে। গ্রীন হাইড্রোজেন প্রযুক্তিতে উদ্ভাবন প্রচারের জন্য সরকার ও অন্যান্য অংশীদারদের মধ্যে সহযোগিতার সুবিধা গড়ে তুলবে। এই কেন্দ্রগুলি গ্রীন হাইড্রোজেন বাস্তুতন্ত্রকে উন্নীত করতে দক্ষতা বৃদ্ধিতে সহায়ক হবে। পুনর্নবীকরণযোগ্য শক্তি মন্ত্রক চলতি বছরের ১৫ মার্চ জাতীয় গ্রীন হাইড্রোজেন মিশনের আওতায় গবেষণা ও উন্নয়ন পরিকল্পনার বাস্তবায়নের নির্দেশ জারি করেছিল। গ্রীন হাইড্রোজেন মিশনের আওতায় এ ধরনের উৎকর্ষ কেন্দ্র স্থাপনের জন্য সরকার ১০০ কোটি টাকা বরাদ্দ করেছে।

২০২৩ সালের ৪ জানুয়ারি জাতীয় গ্রীন হাইড্রোজেন মিশন চালু করা হয়। ২০২৯-৩০ অর্থবর্ষ পর্যন্ত এই খাতে ১৯ হাজার ৭৪৪ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। কার্বনডাই অক্সাইড নির্গম হ্রাস করতে এবং জীবাশ্ম জ্বালানী আমদানীর উপর নির্ভরতা কমাতে এই মিশন সহায়ক হবে।




## প্রধানমন্ত্রী : ওয়ান র্যা ঙ্ক ওয়ান পেনশন (ওআরওপি) কর্মসূচি

# আমাদের প্রবীণ এবং অবসরপ্রাপ্ত সেনাকর্মীদের শৌর্য ও আত্মত্যাগের প্রতি শ্রদ্ধার্ঘ্য



**নয়াদিল্লি, ৭ নভেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ওয়ান র্যা ঙ্ক ওয়ান পেনশন (ওআরওপি) কর্মসূচির ১০ বছর পূর্তিতে আজ বলেছেন, যাঁরা আমাদের দেশকে সুরক্ষিত রাখতে নিজেদের উৎসর্গ করেছেন আমাদের সেই প্রবীণ এবং অবসরপ্রাপ্ত সেনাকর্মীদের শৌর্য এবং আত্মত্যাগের প্রতি শ্রদ্ধার্ঘ্য জানাতে এই উদ্যোগ। তিনি আরও বলেছেন যে, ওআরওপি রূপায়ণের সিদ্ধান্ত বহুদিনের দাবি পূরণের লক্ষ্যে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ এবং আমাদের নায়কদের প্রতি দেশের কৃতজ্ঞতা প্রকাশের অভিব্যক্তি। শ্রী মোদী আশ্বস্ত করেছেন যে, আমাদের সশস্ত্র বাহিনীকে শক্তিশালী করতে এবং যাঁরা দেশের সেবা করেছেন তাঁদের কল্যাণে সরকার যা কিছু করা সম্ভব সব করবে। শ্রী মোদী এক্স প্ল্যাটফর্মে লিখেছেন : "আজকের দিনে #OneRankOnePension (ওআরওপি) রূপায়িত হয়েছে। এটি আমাদের প্রবীণ এবং অবসরপ্রাপ্ত সেনাকর্মীদের শৌর্য এবং আত্মত্যাগের প্রতি শ্রদ্ধার্ঘ্য যাঁরা দেশকে সুরক্ষিত রাখতে তাঁদের জীবন উৎসর্গ করেছে। ওআরওপি রূপায়ণের এই সিদ্ধান্ত বহুদিনের দাবি পূরণের লক্ষ্যে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ এবং আমাদের নায়কদের প্রতি দেশের কৃতজ্ঞতা প্রকাশের অভিব্যক্তি।"

"আপনারা খুশি হবেন যে এক দশকে কয়েক লক্ষ অবসরপ্রাপ্ত কর্মী এবং তাঁদের পরিবার এই ঐতিহাসিক উদ্যোগ থেকে উপকৃত হয়েছে। শুধু সংখ্যার বিচারে নয়, ওআরওপি, আমাদের সশস্ত্র বাহিনীর কল্যাণে সরকারের দায়বদ্ধতার প্রকাশ। আমাদের সশস্ত্র বাহিনীকে শক্তিশালী করতে এবং যাঁরা দেশের সেবা করেছেন তাঁদের কল্যাণে আমরা যা কিছু করা সম্ভব সব করবো।"

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার
নিউজ সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
৪ বর্ষ ৩০০ সংখ্যা ০৮ নভেম্বর, ২০২৪ শুক্রবার ২২ কার্ত্তিক, ১৪৩১

## নারকেলডাঙার অশান্তির ঘটনায়

### রাজ্যর থেকে রিপোর্ট চাইল হাইকোর্ট, উঠল আরজি কর প্রসঙ্গও

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** কালীপুজোর বিসর্জনকে কেন্দ্র করে নারকেলডাঙা এলাকায় অশান্তির ঘটনায় কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। বুধবার সেই মামলার শুনানিতে গোষ্ঠী-গোলমালের অভিযোগ উড়িয়ে দিয়েছে রাজ্য। অ্যাডভোকেট জেনারেলের বক্তব্য, একই গোষ্ঠীর দুই ব্যক্তির মধ্যে গোলমাল হয়েছিল, দুই গোষ্ঠীর মধ্যে কোনও ঝামেলা হয়নি। নারকেলডাঙার ঘটনায় পুলিশের দাবি ছিল, বাইকের পার্কিং সম্পর্কিত একটি গোলমালকে কেন্দ্র করে দুই ব্যক্তির মধ্যে ঝগড়া হয় এবং তা আরও বাড়তে থাকে। পুলিশ সময়মতো হস্তক্ষেপ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এই প্রেক্ষিতেই হাইকোর্টের প্রশ্ন, দুই ব্যক্তির মধ্যে ঝামেলা হলে দশ হাজার লোকের ভিড় জমার অভিযোগ উঠছে কেন?

মামলার শুনানিতে আরজি কর প্রসঙ্গও তোলেন প্রধান বিচারপতি। বলেন, আরজি কর হাসপাতালে ভাঙচুরের দিন দশ হাজার লোক জড়ো হয়েছিল বলে দাবি ওঠে, সে কথা স্বীকার করেনি রাজ্য। সাত হাজার লোক জড়ো হওয়ার কথা স্বীকার করা হয়। কিন্তু প্রশ্ন, আগাম কোনও পরিকল্পনা ছাড়া কী করে এখানেও এত লোক জড়ো হল? আরজি করে কাণ্ডের সময়ে রাজ্য বলেছিল পুলিশ আগাম খবর পায়নি। এক্ষেত্রেও কি তাই, জানতে চেয়েছে আদালত।

এজি জানান, ওই দুজনের একজন হাতাহাতির মধ্যে প্রথমে বাড়ি থেকে তলোয়ার নিয়ে আসে, পরে গুলিও চালায়। তাতে একজন পুলিশ সামান্য জখম হন। ওই গোলমাল থামাতে গিয়ে অন্তত সাত-আট জন পুলিশ মার খেয়েছেন। ইতিমধ্যে এই ঘটনায় ২৪ জনকে গ্রেফতার করা হয়েছে। ৬টা এফআইআর হয়েছে। এই পরিপ্রেক্ষিতে হাইকোর্টের পর্যবেক্ষণ, যে কারণেই হোক গোলমাল যে সেদিন হয়েছিল সেটা ঠিক। তাই নির্দেশ দেওয়া হয়েছে, কী ঘটনা ঘটেছিল রাজ্যকে সেই রিপোর্ট দিতে হবে। তার পাল্টা নিজেদের বক্তব্য জানাবে মামলাকারীও। আগামী ২১ নভেম্বর এই মামলার পরবর্তী শুনানি।

## সম্পাদকীয়

### ঢাকায় এজলাসের ভিতরে হিন্দু আইনজীবীকে চড়-লাথি-ঘুষি, নীরব বিচারক

ডোনাল্ড ট্রাম্পের কড়া বার্তার পরেও বদলায়নি বাংলাদেশে হিন্দু নির্যাতনের চিত্র। বৃহস্পতিবার রাজধানী ঢাকায় মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটের ভরা এজলাসেই এক হিন্দু আইনজীবীকে ধরে বেধড়ক মারধর করলেন বিএনপি সমর্থক আইনজীবীরা। চড়, কিল, লাথি, ঘুষি-কিছুই বাদ গেল না। মারধরের পরে এজলাস থেকে বের করে দেওয়া হয় ওই হিন্দু আইনজীবীকে।অকথ্য ভাষায় গালিগালাজ দিয়ে তাঁর দিকে তেড়ে আসেন বিএনপি পন্থী আইনজীবীরা। এলজাসের মধ্যেই স্বপন রায়চৌধুরীকে ঘিরে ধরে শুরু হয় মারধর। উন্মত্তের মতো ঝাঁপিয়ে পড়েন বিএনপি সমর্থক আইনজীবীরা। মার খেয়ে এজলাসের দরজার সামনে পড়ে যান স্বপনবাবু। এর পরে কয়েকজন আইনজীবী তাকে গলা ধাক্কা দিয়ে আদালত থেকে বের করে দেন। আদালত চত্বরে ফের দেখা গেলে কুচি কুচি করে জবাই করা হবে বলেও হুঙ্কার দেন। পরে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে আতঙ্কিত কণ্ঠে নির্যাতিত আইনজীবী স্বপনবাবু বলেন, 'আদালতে শুনানি চলাকালে আমাকে মারধর করে বের করে দেওয়া হয়েছে। কিন্তু বিচারক কোনও ব্যবস্থা নেননি। বাংলাদেশে হিন্দুদের প্রতি কোনও ন্যায়বিচার নেই।'আর চোখের সামনে ওই নৃশংস ঘটনা দেখেও 'রা' কাড়েননি বিচারক শাহীন রেজা। ওই ঘটনার কথা জানাজানি হতেই নিন্দার ঝড় বয়ে গিয়েছে। প্রশ্ন উঠেছে, মোল্লা মুহাম্মদ ইউনূসের জমানায় কী কোনও দিন হিন্দু নির্যাতন বন্ধ হবে না?

গতকাল বুধবারই (৬ নভেম্বর) আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য তথা শেখ হাসিনার জমানার প্রাক্তন মন্ত্রী আমির হোসেন আমুকে গ্রেফতার করেছিল পুলিশ। বৃহস্পতিবার নিজেদের হেফাজতে নিতে চেয়ে প্রবীণ আওয়ামী লীগ নেতাকে হাজির করা হয় ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট শাহীন রেজার এজলাসে। সরকারি আইনজীবী ওমর ফারুখ ফারুকী বর্ষীয়ান আওয়ামী লীগ নেতাকে পুলিশি হেফাজতে পাঠানোর পক্ষে সওয়াল করতে গিয়ে বেশ কিছু অশোভনীয় মন্তব্য করেন। ওই মন্তব্যের প্রতিবাদ করেন আমুর আইনজীবী স্বপন রায়চৌধুরী। ব্যস আর যায় কোথায়?

# দেবী মহিষাসুরমর্দ্দিনী



মৃত্যুঞ্জয় সরদার

(তৃতীয় পর্ব)



মানুষ।দুর্গাপূজার পরেই মা দুর্গার নিজেই হয়তো ব্যবস্থা করে যাবেন আমার আপনার মত মানুষের মধ্যে দিয়ে, করনা ভাইরাসের ভ্যাকসিন প্রকৃত বাস্তবে কার্যকারিতা দেখতে পাবো। এমনটাই বিশ্বাস করছেন ধর্মগুরুর একাংশ।মা দুর্গা আসার পরেই করোনা যে পৃথিবী ছেড়ে বিদায় নেবে এমনটা বিশ্বাস করতে পারছে না, বৈজ্ঞানিক মহলের একাংশ।ভগবান বলে কোন একটি শব্দ পৃথিবীতে আজও ভিরাজমন, প্রাকৃতিক শক্তি কে অস্বীকার করার মতো ক্ষমতা আমাদের কারণ নেই।পৃথিবীতে এমন ব্যক্তি আছে তারা একটা স্থানে বসে আর একটা স্থানে কি ঘটনা ঘটছে পত্র-পত্রিকা না পরে অ্যান্ড্রয়েড যুগে ও ধ্যানযোগে বলে দিতে পারেন। এই কথার মধ্যে লুকিয়ে রয়েছে ভগবান পৃথিবীতে আছে আজো বিরাজমান।এই কথাটি প্রত্যক্ষ-পরোক্ষ প্রমাণ খুঁজতে গিয়ে। জগতে প্রথম দুর্গাপূজা করেছিলেন পুরুষোত্তম শ্রীকৃষ্ণ। ব্রহ্মবৈবর্তপুরাণে আছে, পরমাত্মা কৃষ্ণ সৃষ্টির প্রথম কালে মহারাসমণ্ডলে এই আরাধনা করেন। তার পর ব্রহ্মা। মধু ও কৈটভ নামক দুই অসুরের হাত থেকে ত্রাণ পাওয়ার উদ্দেশ্যে। তৃতীয় পূজা করেন শিব, ত্রিপুর নামে এক অসুরের হাত থেকে নিজেকে বাঁচানোর জন্য। ত্রিপুর আসলে তিন রকমের তারকাক্ষ, কমলাক্ষ ও বিদ্যুন্মালী। চতুর্থবার আরাধনা করেন দেবরাজ ইন্দ্র। লক্ষ্মীকে ফিরে পাওয়ার জন্য।

মহাভারতে দুর্গাপূজার কথা বিস্তৃতভাবে রয়েছে। কপট পাশা খেলায় শকুনির কাছে দ্বিতীয়বার পরাজিত হয়ে পাণ্ডবদের বারো বছর বনবাস ও এক বছরের অজ্ঞাতবাস হয়। অজ্ঞাতবাসের সময়টি ছিল বেশ কঠিন। কারণ, এই সময় পাণ্ডবরা দুর্যোধনাদি কৌরবদের কাছে ধরা পড়ে গেলে তাঁদের আবারও লুকিয়ে লুকিয়ে কাটাতে হবে। এমন করে তো অনন্তকাল চলতে পারে না। এই চক্র থেকে রক্ষা পাওয়ার জন্য যুধিষ্ঠির দেবী দুর্গার শরণ নিলেন। অজ্ঞাতবাস বড় কঠিন সময়।

**ক্রমশঃ**

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## ৩৭০ ধারা প্রত্যাহার ইস্যু

# জম্মু-কাশ্মীর বিধানসভায় বিশৃঙ্খলা



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ৩৭০ ধারা প্রত্যাহার সম্পর্কিত বিষয় নিয়ে জম্মু ও কাশ্মীর বিধানসভার অধিবেশনকে ঘিরে চূড়ান্ত বিশৃঙ্খলা দেখা দিয়েছে। রীতিমত হাতাহাতি, ধস্তাধস্তি শুরু হয় বিধায়কদের মধ্যে। দীর্ঘ ছয় বছর পর সরকার গঠনের পরে সোমবার বিধানসভার প্রথম অধিবেশন বসেছিল। পাঁচদিনের এই অধিবেশনের বৃহস্পতিবার ছিল চতুর্থ দিন। এদিন অধিবেশন শুরু হওয়ার পর জেলবন্দী বারামুল্লা লোকসভা কেন্দ্রের সংসদ সদস্য ইঞ্জিনিয়ার রশিদের ভাই খুরশিদ আহমেদ শেখ ৩৭০ ধারা প্রত্যাহারের দাবিতে একটি প্ল্যাকার্ড তুলে ধরেন। এরপরই কার্যত রণক্ষেত্রের চেহারা নেয় অধিবেশন। জম্মু ও কাশ্মীরে ৩৭০ ধারা ফিরিয়ে আনার দাবিতে আলোচনা চেয়ে বিরোধীরা যে প্রস্তাবনা এনেছিল, বুধবারই বিধানসভায় সেই প্রস্তাবনা পাস হয়। বৃহস্পতিবার সেই প্রস্তাবনার উপর আলোচনার সময়ই বিশৃঙ্খলা পরিস্থিতি তৈরি হয়। এদিন অধিবেশন শুরুর পরে এই প্রস্তাবনা ইস্যুতে বিজেপি বিধায়ক এবং জম্মু-কাশ্মীর বিধানসভার বিরোধী দলনেতা সুনীল শর্মা যখন বক্তব্য রাখছিলেন তখনই আওয়ামী ইত্তেহাদ পার্টির বিধায়ক খুরশিদ আহমেদ শেখ '৩৭০ ধারা প্রত্যাহারের দাবি সম্বলিত একটি প্ল্যাকার্ড হাতে নিয়ে ওয়েলে নেমে আসেন। তারই প্রতিবাদে বিজেপি বিধায়করা সম্মিলিত হয়ে তার হাত থেকে ওই প্ল্যাকার্ডটি কেড়ে নেন এবং সেটি ছিঁড়ে ফেলেন। মুহূর্তের মধ্যেই পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। একে অপরকে লক্ষ্য করে ঘুষি মারতে দেখা যায়। একসময় দিনের মতো অধিবেশন মূলতবি করে দিতে বাধ্য হন বিধানসভার স্পিকার আব্দুল রহিম রাঠের। এইরকম একটি পরিস্থিতির মধ্যে 'পিপলস ডেমোক্রেটিক পার্টি' (পিডিপি) নতুন করে জম্মু ও কাশ্মীর থেকে ৩৭০ এবং ৩৫(এ) ধারা প্রত্যাহারের দাবিতে একটি নতুন প্রস্তাবনা আনে। গত সোমবার পাঁচ দিনের এই অধিবেশন শুরু প্রথম দিন থেকেই ক্রমাগত এই ইস্যুতে উত্তপ্ত হয়ে উঠেছে জম্মু-কাশ্মীর বিধানসভা। এমনকি বুধবারও বিধানসভার স্পিকার এই সম্পর্কিত একটি প্রস্তাবনা পাশের পর বিজেপি সেই প্রস্তাবনা প্রত্যাহারের দাবি জানিয়ে বিরোধিতা করে। হলে তা নিয়েও বিজেপির সাথে অন্য দলগুলির বিধায়কদের মধ্যে হট্টগোল শুরু হয়। ইতোমধ্যেই এই প্রস্তাবনাটি জম্মু-কাশ্মীরের মুখ্য সচিবের কাছে পাঠিয়ে দেওয়া হয়েছে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণের জন্য। এই ঘটনায় জম্মু-কাশ্মীরের বিজেপি সভাপতি রবীন্দর রাইনা কংগ্রেস এবং জম্মু-কাশ্মীর ন্যাশনাল কনফারেন্সকে একযোগে নিশানা করে বলেছেন তারা উভয় দলই ভারত বিরোধী ভাবাবেগকে মদদ দিচ্ছে। ভারতীয় সংবিধানের ৩৭০ এবং ৩৫(এ) ধারা অনুযায়ী জম্মু-কাশ্মীর বিশেষ সুবিধা ভোগ করতো। ওই ধারার ক্ষমতাবলে সেখানকার একটি নিজস্ব সংবিধান, নিজস্ব পতাকা ছিল। প্রতিরক্ষা, পররাষ্ট্র এবং যোগাযোগ ক্ষেত্র ব্যতীত বিভিন্ন অভ্যন্তরীণ ইস্যুতে তারা নিজেরাই সিদ্ধান্ত নেওয়ার অধিকারী ছিল। কিন্তু ২০১৯ সালের ৫ আগস্ট ওই দুই ধারা প্রত্যাহার করে ভারতের কেন্দ্রীয় সরকার। ফলে বিশেষ মর্যাদা হারায় জম্মু-কাশ্মীর। পরিবর্তে জম্মু-কাশ্মীরকে ভেঙে দুইটি আলাদা কেন্দ্রীয় শাসিত অঞ্চল গঠন করা হয়। যার একটি জম্মু ও কাশ্মীর, অন্যটি লাদাখ।

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

রানী এগিয়ে এসে মেয়েদের জিজ্ঞাসা করলেন তারা কি করছে, তখন তারা বলে আশ্বিন মাসের পূর্ণিমা কোজাগরী লক্ষ্মীপুজো করছে। এবং সঙ্গে এও জানায় এই পুজো করলে অলক্ষ্মী দূর হয়, মা লক্ষ্মীর কৃপাদৃষ্টি লাভ হয়। তাই শুনে রানী তাদের কাছ থেকে রং মাখানো পিটুলি চেয়ে লক্ষ্মী গড়ে নারিকেল,চিড়ে, তালের ফোঁপর দিয়ে পুজো করলেন। তারপর গল্প গান করে সারারাত জেগে কাটালেন।

**ক্রমশঃ**

# ফের নিম্নচাপের ভ্রূকুটি, বঙ্গে শীতের কাঁটা হতে পারে বঙ্গোপসাগরের ঘূর্ণাবর্তই!

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** উত্তর-পূর্ব বঙ্গোপসাগর এবং আন্দামান সাগর সংলগ্ন এলাকায় রয়েছে একটি ঘূর্ণাবর্ত। যা নিম্নচাপে পরিণত হতে পারে কিছুদিনের মধ্যে। চলতি সপ্তাহের শেষে নিম্নচাপ তৈরি হলে নভেম্বরের মাঝামাঝি তা কোন দিকে যায় তা নিয়ে এখনই কিছু বলা যাচ্ছে না বলে জানাল আলিপুর আবহাওয়া দফতর। তবে, জগদ্ধাত্রী পুজোয় বৃষ্টি তেমন হবে না বলে জানিয়ে দিল তারা। গতকালই আলিপুর আবহাওয়া দফতরের তরফে জানানো হয়েছিল, শীত এখনই আসছে না রাজ্যে। নভেম্বরের ১২ তারিখ পর্যন্ত তাপমাত্রা পরিবর্তনের কোনও সম্ভাবনা নেই। সেই শুনে মন খারাপ হয়েছিল বহু মানুষের। তবে, বৃহস্পতিবার আলিপুর জানিয়ে দিল, ১৫ নভেম্বর থেকে উত্তুরে হাওয়া রাজ্যে প্রবেশ করার সম্ভাবনা রয়েছে। যার হাত ধরেই শীত আসবে বঙ্গে। শীতের আমেজ নভেম্বরের মাঝামাঝি থেকেই পাওয়া যাবে। আগামী ৭দিন শুষ্ক আবহাওয়া থাকবে রাজ্যে। দুই ২৪ পরগনা ও পূর্ব মেদিনীপুরে হালকা বৃষ্টি হতে পারে। তবে, সম্ভাবনা খুব কম। বৃহস্পতিবার, শুক্রবার ও শনিবার দক্ষিণবঙ্গের বাকি সব জেলাতেই শুষ্ক আবহাওয়া থাকবে। সকালের দিকে হালকা কুয়াশা বা ধোঁয়াশার পরিস্থিতি থাকবে এই ক'দিন। বেলা বাড়লে কোথাও কোথাও আংশিক মেঘলা আকাশ দেখা যেতে পারে। তবে, সেক্ষেত্রেও বৃষ্টির তেমন কোনও সম্ভাবনা নেই। রবিবার জগদ্ধাত্রী পুজোর নবমীর দিন হালকা বৃষ্টি হতে পারে দুই ২৪ পরগনা ও পূর্ব মেদিনীপুরে। এদিকে উত্তরবঙ্গে, বিশেষ করে দার্জিলিং ও কালিম্পঙে হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে এই সপ্তাহে। আগামী মঙ্গলবার দার্জিলিং, কালিম্পঙের সঙ্গে জলপাইগুড়িতেও হালকা বৃষ্টি হতে পারে।

২ পাতার পর

# ট্রাম্পের জয়ের পর কঠিন পরিস্থিতিতে ভাষণ দেবেন বাইডেন

ট্রাম্প ক্ষমতা গ্রহণে বাইডেনকে বাধা দেওয়ার চেষ্টা করেছিলেন। পুনরায় ক্ষমতায় ফিরে বাইডেনের অনেক নীতি বাতিল করার প্রতিশ্রুতি দিয়েছেন ট্রাম্প। বাইডেন ও ট্রাম্প গতকাল ফোনে কথা বলেছেন এবং প্রশাসনিক দায়িত্ব হস্তান্তর নিয়ে শীঘ্রই আলোচনায় বসতে সম্মত হয়েছেন। তবে সেই বৈঠকের সুনির্দিষ্ট তারিখ এখনও নির্ধারণ হয়নি।

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর

cinema TV

## ফের প্রচারে আসছে সিআইডি



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** দীর্ঘ ছয় বছর বন্ধ থাকার পর আবারও প্রচারে আসছে ভারতীয় ছোটপর্দার তুমুল জনপ্রিয় সিরিয়াল 'সিআইডি'। সিরিয়ালটি প্রচারের সংবাদে ভারত ও বাংলাদেশে এর দর্শকরা ভীষণ উচ্ছ্বসিত।

সিআইডির নির্মাতা বিপি সিং সম্প্রতি সোশ্যাল মিডিয়ায় একটি নতুন টিজার শেয়ার করেছেন। এতে জানানো হয়েছে, শনিবার (২৬ অক্টোবর) থেকে শুরু হবে ভারতের সবচেয়ে দীর্ঘসময় ধরে চলা টেলিভিশন সিরিয়াল 'সিআইডি'। আগের মতোই এই নতুন শোতেও থাকছেন শিবাজী সত্যম, দয়ানন্দ শেঠি ও আদিত্য শ্রীবাস্তব। এটি সনি টেলিভিশনে প্রচার হবে।

শেয়ার করা টিজারে দেখা যায়, এসিপি প্রদ্যুম্নের ভূমিকায় আগের মতোই অভিনয় করছেন শিবাজী সত্যম। ব্যাপক বৃষ্টির মধ্যেও ছাতা মাথায় কালো ওভারকোট পরে উত্তেজিত অবস্থায় গাড়ি থেকে নামলেন এসিপি প্রদ্যুম্ন। মনে করা হচ্ছে কোনো এলাকায় বোমা বিস্ফোরণ হতে চলেছে আর সেই জায়গার সন্ধানেই এসেছেন তিনি। হাতে শক্ত করে ধরে রেখেছেন সেই ছাতা। আবহে সেই ক্লাসিক থিম মিউজিক শোনা যায়। পাশাপাশি এ প্রোমো দেখে অনুরাগীদের মনে পুরোনো স্মৃতি জেগে উঠেছে। আর এসিপির সঙ্গে সঙ্গে ক্যামেরা কাট করে বিগ ক্লোজ আপে অভিজিৎ ওরফে আদিত্য শ্রীবাস্তবের দুটি চোখ দেখা যায়। যা প্রোমোর উত্তেজনা আরও দ্বিগুণ বৃদ্ধি করেছে।

সিআইডির প্রোমোর শেষে একটা গুলির শব্দ শোনা গেছে। বোঝাই যায় আরও অ্যাকশনে ভরপুর থাকবে এ সিরিয়াল। টিজারের শেষে লেখা রয়েছে, 'ক্যালেন্ডারে চিহ্নিত করে রাখুন, আগামী ২৬ অক্টোবর বোমা বিস্ফোরণ হতে চলেছে সিআইডির নতুন প্রোমোর মাধ্যমে'। এ টিজার দেখে সবাই উচ্ছ্বাস প্রকাশ করেছে।

প্রকাশিত এ টিজারের মন্তব্যের ঘরে অনেকেই নিজেদের উচ্ছ্বাস ও আবেগ প্রকাশ করে লিখছে বিভিন্ন কথা। একজন লিখেছে, 'আমার বাল্যকাল শৈশব যেন আবার ফিরে এলো।' আবার অন্য আরেকজন লিখেছে, 'চরম স্তরে আছে উত্তেজনার পারদ। শৈশবের স্মৃতি নিয়ে ফিরছে সিআইডি'।

সবশেষ ২০১৮ সালের ২৭ অক্টোবর সিআইডি প্রচার হয়েছিল। একটানা ২০ বছর ধরে সিরিয়ালটি চলেছে। এর ১৫৪৭টি পর্ব প্রচার হয়েছে। আর এর মাধ্যমেই সিআইডি ভারতের সবচেয়ে দীর্ঘসময় ধরে প্রচার হওয়া সিরিয়ালের তালিকায় নাম লেখায়। ১৯৯৮ সালের ২১ জানুয়ারি টিভির পর্দায় প্রথম এসিপি প্রদ্যুম্ন ও ইন্সপেক্টর দয়াকে দেখেছিল দর্শকরা। এরপর থেকেই তুমুল জনপ্রিয়তা অর্জন করে সিরিয়ালটি। এ সিরিয়ালে শিবাজী সত্যম, দয়ানন্দ শেঠি, আদিত্য শ্রীবাস্তব ছাড়াও অভিনয় করছেন নরেন্দ্র গুপ্তা, হৃষীকেশ পাণ্ডে, অংশা শায়েদসহ অনেকে।



## যে কারণে 'ট্রয়' সিনেমায় অভিনয় করেননি ঐশ্বরিয়া



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউডের আলোচিত তারকা অভিনেত্রীদের মধ্যে অন্যতম ঐশ্বরিয়া রায় বচ্চন। কানস ফিল্ম ফেস্টিভ্যালে 'দেবদাস'-এর প্রদর্শন হওয়ার পর থেকেই লাফিয়ে লাফিয়ে বাড়তে থাকে ঐশ্বরিয়ার জনপ্রিয়তা। এরপর হলিউডে একাধিক ছবির প্রস্তাব পেয়েছিলেন তিনি। কিছু প্রস্তাবে রাজি হয়েছিলেন, বাকি ফিরিয়ে দিয়েছিলেন। এই ফেরানোর তালিকায় রয়েছে অস্কারজয়ী জনপ্রিয় হলিউড তারকা ব্র্যাড পিটের 'ট্রয়' ছবি। এক সাক্ষাৎকারে নিজেই এই কথা জানিয়েছিলেন ঐশ্বরিয়া।

মুখ্য চরিত্রে না হলেও এই ছবিতে এক মাঝারি অথচ বেশ গুরুত্বপূর্ণ ভূমিকায় অভিনয়ের প্রস্তাব পেয়েছিলেন তিনি। তবে তার জন্য অন্তত ৮ মাস হলিউডে থাকতে হত তাকে। ঐশ্বরিয়া তখনও জানতেন না, এটাই হলিউডের নিয়ম। চরিত্র ছোট্ট হলেও যাতে ছবির শুটিং চলার ফাঁকে অভিনেতা-অভিনেত্রীদের ডেট নিয়ে আচমকা কোনও সমস্যা না হয়, তার জন্য এই চুক্তি করে রাখেন বিগ বাজেট হলিউড ছবির নির্মাতারা। অথচ সেই সময় ঐশ্বরিয়ার হাতে একগুচ্ছ নামিদামি হিন্দি ছবির পরিচালকদের কাজের প্রস্তাব ছিল। সেইসব ছবির জন্য ডেট-ও দেওয়া ছিল।

তবু একটা চেষ্টা করতে পারতেন তিনি, যদি না তাকে টানা হলিউডে ৮-৯ মাস থাকতেই হবে, এই নির্দেশ না দেওয়া হতো। তাই ছেড়েছিলেন ব্র্যাড পিটের নায়িকা হওয়ার প্রস্তাব। শেষ পর্যন্ত সেই চরিত্রে অভিনয় করেন রোজ বায়ির্ন।

পরবর্তী সময়ে ২০১২ সালে এক সাক্ষাৎকারে ব্রাড পিট এই ঘটনার কথা উল্লেখ করেছিলেন। জানিয়েছিলেন ঐশ্বরিয়ার সঙ্গে কাজের সুযোগ হাতছাড়া হয়ে যাওয়ার কথা আজও তার মনে রয়ে গেছে।

## নয়নতারাকে নিয়ে নেটফ্লিক্সের সিনেমা



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ভারতের দক্ষিণি ইন্ডাস্ট্রির শীর্ষ নায়িকা নয়নতারা। দক্ষিণি সিনেমা মূলত পুরুষপ্রধান হলেও তামিল, তেলুগু ও মালয়ালম ইন্ডাস্ট্রিতে নয়নতারা কিছুটা ব্যতিক্রম। পেয়েছেন লেডি সুপারস্টারের তকমা। নায়িকাদের মধ্যে সর্বোচ্চ পারিশ্রমিক পাওয়া অভিনেত্রী। কখনও কখনও পুরুষদের চেয়েও বেশি পারিশ্রমিক নেন তিনি। নয়নতারাই দক্ষিণের একমাত্র সৌভাগ্যবান অভিনেত্রী যিনি অভিনয় করেছেন ভারতের সব বিগ স্টারের সঙ্গে। রজনীকান্ত, অজিত, বিজয়, শাহরুখ খান, চিরঞ্জীবী, বিজয় সেতুপতি, মোহনলাল, মামুট্টি সবার সঙ্গে কাজ করেছেন তিনি। এবার এই লেডি সুপারস্টারের উত্থানের গল্প বলবে নেটফ্লিক্স। 'নয়নতারা : বিয়ন্ড দ্য ফেইরি টেল' নামের তথ্যচিত্রটি বানিয়েছে ওটিটি জায়ান্ট নেটফ্লিক্স। আগামী ১৮ নভেম্বর নয়নতারার জন্মদিনে মুক্তি পাবে ডকুফিল্মটি।

নেটফ্লিক্স জানিয়েছে, এই ডকুফিল্মে নয়নতারার এমন কিছু বিষয় সামনে নিয়ে আসবে, যা এতদিন ছিল একেবারেই অজানা। অভিনেত্রী দীর্ঘ সময় ধরে তার ব্যক্তিগত জীবন আড়ালে রেখেছিলেন। তরুণ অভিনয়শিল্পীদের অনুপ্রেরণা দিতে সেগুলো প্রকাশ করেছেন এ তথ্যচিত্রে। পরিচালনা করেছেন গৌতম বাসুদেব মেনন।

নিজের জীবনের জার্নি নিয়ে নয়নতারা বলেন, 'যখন শুরু করেছিলাম, তখন কোনো ধারণাই ছিল না, আমি কোথায় গিয়ে পৌঁছাব। সিনেমায় এত সাফল্য পাব, এমন প্রত্যাশা ছিল না।'

## 'জোর করে অশ্লীল রূপ দেয়ার চেষ্টা করবেন না'



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউড নৃত্যশিল্পী ও অভিনেত্রী নোরা ফাতেহিকে বর্তমানে নাচ, অভিনয়, রিয়েলিটি শো নিয়ে ব্যস্ত থাকতে দেখা যায়। নোরা ক্যারিয়ার শুরু করেছিলেন নৃত্যশিল্পী হিসেবে। শুরুর দিকে বেশ কিছু সিনেমায় আইটেম গানে নেচেছিলেন। সত্যমের জন্ম সিনেমাতে 'দিলবার' গানের সঙ্গে নেচে রাতারাতি জনপ্রিয়তা পেয়ে যান নোরা। এই গানের সঙ্গে পারফর্ম করার তিক্ত অভিজ্ঞতার কথা জানিয়েছেন নোরা ফাতেহি। নাচের জন্য তাকে নাকি খুব ছোট ব্লাউজ পরতে বলা হয়েছিল।

নোরা বলেন, 'আমি বুঝতে পারছি আমাকে যৌন আবেদনময়ী দেখাতে এই কাজটি করতে চাচ্ছেন। দেখুন, আমাকে জোর করে যৌন আবেদন আনতে বলবেন না। যা আমার মধ্যে স্বাভাবিকভাবেই আছে। জোর করে সেটাকে অশ্লীল রূপ দেয়ার চেষ্টা করবেন না।' এরপর নোরার জন্য নতুন পোশাক তৈরি করা হয়। নোরা জানিয়েছেন, ওই পোশাকে তিনি সাচ্ছন্দ্যবোধ করেছেন। এবং নাচও হিট হয়েছে। নোরা আরেকটি তথ্য জানিয়েছেন, 'দিলবার' গানের সঙ্গে নেচে রাতারাতি জনপ্রিয়তা মিলেছে। কিন্তু এই নাচের জন্য তিনি কোনো পারিশ্রমিক পাননি। নোরা ভারতীয় গণমাধ্যমকে বলেন, 'আমি বুঝতে পারছিলাম, অর্থ উপার্জন করার সময় এখন নয়। নিজেকে প্রমাণ করে আগে খ্যাতি অর্জন করতে হবে, পরিচিতি পেতে হবে।'

সাধারণত যারা নৃত্যশিল্পী হিসেবে ক্যারিয়ার শুরু করেন সিরিয়াস চরিত্রে অভিনয়ের সুযোগ পেতে তাদের অনেক সময় লেগে যায়। নোরা বলেন, 'ড্যান্সারদের কেউ সিরিয়াস চরিত্রে সুযোগ দিতে চান না। তারা মনে করেন, শুধু আইটেম ড্যান্সই করতে পারবে। আমি সবার এ ধারণা বদলাতে চাই।'

উল্লেখ্য, 'ক্র্যাক', 'মডগাঁও এক্সপ্রেস'-পরপর দুইটি সিনেমাতে পুরোদস্তুর অভিনেত্রী হিসেবে দেখা গেছে নোরাকে।

## জন্মদিনে ভক্তদের ভালোবাসায় সিক্ত শাহরুখ খান



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** বলিউড কিং, কিং অফ রোমান্স শাহরুখ খান। যিনি প্রায় ৩২ বছর ধরে রাজত্ব করছেন বলিউডে। জায়গা করে নিয়েছেন পৃথিবীর কোটি কোটি ভক্তের মনে। আজ সেই শাহরুখ ভক্তদের জন্য অন্যতম গুরুত্বপূর্ণ দিন। অন্য সব বছরের মতো এবারও এ দিন এক বার্ষিক ইভেন্ট হয়ে গেছে যেখানে অনুরাগীদের ভালোবাসায় সিক্ত হয়েছেন শাহরুখ। কারণ, আজ ২ নভেম্বর এসআরকে এর জন্মদিন বলে কথা, ৫৯ বছরে পা রাখলেন জনপ্রিয় এই সুপারস্টার। ভারতীয় গণমাধ্যমের এক প্রতিবেদন বলা হয়, মধ্যরাতেই ভক্তদের আবদার মেটাতে মন্নতের কালো জালে ঘেরা ছাদে মিলিটারি ছাপ প্যান্ট, কালো টি শার্ট, টুপি, রোদচশমায় দেখা গেল কিং খানকে। ছাদে দাঁড়িয়ে কখনও হাত নাড়ছেন, কখনও বা অনুরাগীদের উদ্দেশে হাওয়ায় চুমু ছুড়ে দিচ্ছেন।

প্রতিবেদনে আরও বলা হয়, শাহরুখের জন্মদিন পালন করতে আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানের আয়োজন করেছেন শাহরুখ-পত্নী গৌরী খান। সেই অনুষ্ঠানে ২৫০ জনেরও বেশি অতিথিকে নিমন্ত্রণ করেছেন তিনি। তালিকায় রয়েছেন বলিপাড়ার নামজাদা তারকারা। শাহরুখের জন্মদিন পালন করতে নাকি খান পরিবার বাইরে বেরিয়েছিলেন বলে কানাঘুষো শোনা যায়। পাপারাজ্জিদের ক্যামেরায় ধরাও পড়েছে সেই ভিডিও। 'স্নেহজালা' নামের অ্যাকাউন্ট থেকে ইনস্টাগ্রামের পাতায় একটি ভিডিও পোস্ট করা হয়েছে। যেখানে দেখা যায়, মধ্যরাতে বাড়ি ফিরছেন গৌরী এবং শাহরুখের কন্যা সুহানা খান। যদিও তারা দু'জনে আলাদা গাড়িতে ছিলেন।

প্রসঙ্গত, শাহরুখ খানের ক্যারিয়ার শুরু হয় ১৯৮০-এর দশকের শেষ দিকে টেলিভিশন সিরিয়াল ফৌজি এবং সার্কাস দিয়ে। তার বলিউডে অভিষেক হয় ১৯৯২ সালে দিওয়ানা সিনেমার মাধ্যমে এরপর তাকে আর পিছনে ফিরে তাকাতে হয়নি। সর্বশেষ তাকে দেখা গেছে টাইগার ৩ চলচ্চিত্রে একটি ক্যামিও দৃশ্যে। এর আগে পাঠান, জাওয়ান, ডানকি দিয়ে পুরো ২০২৩ সাল টা নিজের করে নিয়েছিলেন এই অভিনেতা। শোনা যাচ্ছে সামনে মেয়ে সোহানার সাথে কিং নামের একটি চলচিত্র নিয়ে আবারও ফিরবেন শাহরুখ।

# অতিরিক্ত সময়ের গোলে মেসিদের হার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মেজর লিগ সকারের (এমএলএস) প্লে-অফে নিজেদের দ্বিতীয় ম্যাচটি খেলতে আজ (রবিবার) আটলান্টা ইউনাইটেডের মাঠ মার্সিডিজ-বেঞ্জ স্টেডিয়ামে নামে মায়ামি। ম্যাচে লিড নিয়েও শেষ পর্যন্ত মেসিরা হার নিয়ে মাঠ ছেড়েছেন। দলের প্রধান তারকা মেসির আরেকটি গোল-অ্যাসিস্টহীন ম্যাচে ইন্টার মায়ামি ২-১ গোলে হেরেছে। আর্জেন্টাইন অধিনায়কের মতোই বিবর্ণ ছিলেন সাবেক উরুগুইয়ান ফরোয়ার্ড লুইস সুয়ারেজও। সেই ম্যাচে মায়ামির গোলটি বিতর্ক তৈরি করেছে। এর আগপর্যন্ত ম্যাচে গোলশূন্য সমতায় ছিল দুই দল। ৩৯তম মিনিটে মায়ামির একটি আক্রমণ সামলানোর পর কিছুটা এগিয়ে গিয়ে শট নিতে যান আটলান্টা গোলরক্ষক ব্র্যাড গুজান। তবে তারই সামনে মায়ামির মিডফিল্ডার ফেদেরিকো রেদোন্দো দাঁড়িয়ে থাকায় শটটি ঠিকঠাক না হয়ে তারই সামনে বল পড়ে যায়। সেখান থেকে তার বাড়ানো বল পেয়ে ডেভিড মার্টিনেজ জড়িয়ে দেন স্বাগতিকদের ফাঁকা জালে। সেই গোলটিতে কিছুটা ব্যাকফুটে চলে যায় আটলান্টা। তবে দ্বিতীয়ার্ধে তারা নাটকীয় জয় আদায় করে নিয়েছে। বিরতির পর ত্রয়োদশ মিনিটে ম্যাচে সমতা টানেন আটলানটার ডেরিক উইলিয়ামস। এরপর দারুণ কিছু সেভ দেন মায়ামি গোলরক্ষক ড্রেক ক্যালেন্ডার। যদিও শেষ পর্যন্ত তিনি জাল রক্ষা করতে পারেননি। যোগ করা সময়ের চতুর্থ মিনিটেই মেসি-জর্দি আলবাদের হতাশ করে জান্দে সিলভা শেষ পেরেক ঠুকে দেন।

এতে নিশ্চিত হয়ে যায় সাত জয় ও তিন ড্রয়ের পর মায়ামির হার। ম্যাচে বেশ কয়েকটি গোলের সুযোগ পেয়েছিলেন মেসি, এর মধ্যে তার একটি গোল ক্রসবারে লেগে ফিরে আসে। তার বিবর্ণ দিনেও মায়ামিও জয় আদায় করে নিতে ব্যর্থ হয়েছে।

এই হারের পরও অবশ্য এমএলএস ইস্টার্ন কনফারেন্সের পয়েন্ট টেবিলে শীর্ষস্থান ধরে রেখেছে জেরার্দো টাটা মার্টিনোর দলটি। ৩৪ ম্যাচে ২২ জয়, ৮ ড্র ও ৩ হারের পর তাদের পয়েন্ট ৭৪। সমান ম্যাচে দুইয়ে থাকা কলম্বাস ক্রু'র পয়েন্ট ৬৬।

# ব্রাজিল দলে ফিরলেন ভিনিসিউস, নেই নেইমার

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভেনেজুয়েলা ও উরুগুয়ের বিরুদ্ধে আসন্ন বিশ্বকাপ বাছাইপর্বের ম্যাচে ব্রাজিল দলে ফিরেছেন ভিনিসিউস জুনিয়র। পড়েছেন রিয়াল মাদ্রিদের তরুণ তারকা এনড্রিক। দলে রাখা হয়নি আল-হিলাল ফরোয়ার্ড নেইমারকে।

১৮ বছর বয়সী এনড্রিক মাদ্রিদের হয়ে এ মৌসুমে মাত্র ১০৭ মিনিট মাঠে ছিলেন। শেষ চার ম্যাচে এনড্রিক এক মিনিটের জন্যও মাঠে নামেনি।

৩২ বছর বয়সী নেইমার ইনজুরির কারনে এক বছরের দীর্ঘ অনুপস্থিতি কাটিয়ে গত ২১ অক্টোবর আল-হিলালের হয়ে মাঠে ফিরেছেন।

ব্রাজিল কোচ ডোরিভাল জুনিয়র বলেছেন, 'আমরা তাকে জাতীয় দলে না ফেরানোর সিদ্ধান্ত নিয়েছি। এখনই তাড়াহুড়ো করে কিছু করতে চাইনা। যদিও নেইমার পুরোপুরি সুস্থ হয়ে উঠেছে। কিন্তু আন্তর্জাতিক ম্যাচ খেলার জন্য আরো কিছু সময়ের প্রয়োজন। এটাই তাকে বাদ দেবার মূল কারন।'

ব্রাজিলের সর্বকালের সর্বোচ্চ গোলদাতা নেইমার সর্বশেষ ২০২৩ সালের ১৭ অক্টোবর উরুগুয়ের বিরুদ্ধে বিশ্বকাপ বাছাইপর্বে জাতীয় দলের হয়ে খেলেছিলেন। ঐ ম্যাচেই বাম হাঁটুর গুরুতর ইনজুরিতে আক্রান্ত হয়েছিলেন তিনি।

ডোরিভাল বলেন, 'সে এই দলে থাকতে চেয়েছিল। কিন্তু একইসাথে নিজের পরিস্থিতিও সে বুঝতে পেরেছে। মাঠে তার খেলার মত সময়ের অভাব রয়েছে। আমরা ইতোমধ্যেই



তাকে ক্লাবে ফিরিয়ে দিয়েছি। ক্লাবের প্রক্রিয়াকে আমরা শ্রদ্ধা করি। তার মত মানের একজন খেলোয়াড়কে জাতীয় দল সবসময়ই খেলাতে চাইবে। এটা আমাদের জন্য খুবই গুরুত্বপূর্ণ।

এমনকি সে যখন পুরোপুরি সুস্থ ছিলনা তখনো আমরা তাকে সবসময়ই বিবেচনায় রেখেছি।'

জাতীয় দলের ফেরার জন্য ২০২৫ সালের মার্চে কলম্বিয়া ও আর্জেন্টিনার বিপক্ষে বিশ্বকাপ বাছাইপর্বের ম্যাচের জন্য নেইমারকে অপেক্ষায় থাকতে হবে।

রিয়াল মাদ্রিদ ফরোয়ার্ড ভিনিসিয়াস জুনিয়র গলার ইনজুরির কারনে অক্টোবরের বাছাইপর্ব মিস করার পর পুনরায় জাতীয় দলে ফিরেছেন। ব্যালন ডি'অর শিরোপা না পাবার হতাশা কাটিয়ে ভিনি জাতীয় দলে যোগ দিয়েছেন। ভিনিসহ পুরো ফুটবল বিশ্বকে হতবাক করে দিয়ে ম্যানচেস্টার সিটির রড্রির হাতে উঠেছে এবারের ব্যালন ডি'অর ট্রফি।

ভিনিসিয়াস সম্পর্কে ডোরিভাল বলেছেন, 'আমি একদিন আগে ভিনির সাথে কথা বলেছি। কারন ব্যক্তিগতভাবে তার সাথে আমি কথা বলতে চেয়েছিলাম। আমার মতে এই পরিস্থিতি খুবই হতাশাজনক। বিশেষ করে যেহেতু এটি ব্যক্তিগত পুরস্কার, সে কারনে এর জন্য যে কেউই হতাশ হবে। কে ট্রফি জিতলো সেটা কোন বড় বিষয় নয়। এটা স্প্যানিশ একজন অন্যতম সেরা খেলোয়াড় হিসেবে রড্রির স্বীকৃতি। কিন্তু যেকোন দিক থেকে দেখলে এটা অন্তত নিশ্চিত ভিনির এবারের পুরস্কারটা পাওয়া উচিৎ ছিল। তবে এখানে একটি কথাই বলতে চাই ভিনি মানুষের যে শ্রদ্ধা পেয়েছে সেটাই তার অনেক বড় স্বীকৃতি। ব্রাজিলের জনগণের একটি বড় অংশ বুঝতে পেরেছে ভিনির প্রতি অন্যায় করা হয়েছে।'

অক্টোবরের বাছাইপর্ব থেকে বাদ পড়া চেলসিতে নাম লেখাতে যাওয়া টিনএজার ফরোয়ার্ড এস্তেভাও উইলিয়ান ২৩ সদস্যের দলে ডাক পেয়েছেন। ১৭ বছর বয়সী এস্তেভাও পালমেইরাসের হয়ে লিগে ১১ গোল করেছেন। এই মুহূর্তে ব্রাজিলের সিরি-এ লিগে ফ্ল্যামেঙ্গোর পেড্রো গুইলহারমের সাথে যৌথভাবে সর্বোচ্চ গোলতাদার শীর্ষে রয়েছে এস্তেভাও।

ক্যারাবাও কাপে টটেনহ্যামের বিরুদ্ধে ২-১ গোলে পরাজয়ের ম্যাচটিতে স্ট্রেচারে করে মাঠত্যাগ করা ম্যানচেস্টার সিটি উইঙ্গার সাভিনহোও দলে সুযোগ পেয়েছেন। ধারণা করা হয়েছিল ডান গোঁড়ালির গুরুতর ইনজুরিতে পড়েছেন সাভিনহো।

দক্ষিণ আফ্রিকান অঞ্চলের বিশ্বকাপ বাছাইপর্বের টেবিলে ব্রাজিল এই মুহূর্তে ১০ ম্যাচ পর শীর্ষে থাকা আর্জেন্টিনার থেকে চার পয়েন্ট পিছিয়ে চতুর্থ স্থানে রয়েছে।

আগামী ১৪ নভেম্বর ভেনেজুয়েলার বিপক্ষে এ্যাওয়ে ও পাঁচদিন পর উরুগুয়ের বিপক্ষে ঘরের মাঠে খেলবে সেলেসাওরা।

টেবিলের শীর্ষ ছয়টি দল ২০২৬ বিশ্বকাপে সরাসরি খেলার যোগ্যতা অর্জণ করবে। সপ্তম স্থানে থাকা দলটি আন্ত:মহাদেশীয় প্লেঅফে খেলার সুযোগ পাবে।

ব্রাজিল স্কোয়াড:

গোলরক্ষক: বেনটো, এডারসন, উইভারটন

ডিফেন্ডার: ডানিলো, ভ্যান্ডারসন, আবনার, গুইলহারমে আরানা, এডার মিলিটাও, গ্যাব্রিয়েল মাগালেস, মারকুইনহোস, মুরিলো

মিডফিল্ডার: আন্দ্রে, আন্দ্রেস পেরেইরা, ব্রুনো গুইমারায়েস, জারসন, লুকাস পাকুয়েটা, রাফিনহা

ফরোয়ার্ড: এস্তেভাও, ইগর জেসুস, লুইজ হেনরিক, রডরিগো, সাভিনহো, ভিনিসিয়স জুনিয়র

# চ্যাম্পিয়ন্স ট্রফির আগে
## অস্ট্রেলিয়ার শ্রীলঙ্কা সফর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আগামী বছরের জানুয়ারিতে শ্রীলঙ্কা সফর করবে অস্ট্রেলিয়া। ঐ সফরে দু'টি টেস্ট ও একটি ওয়ানডে খেলবে অসিরা। সিরিজের সূচি চূড়ান্ত করেছে শ্রীলঙ্কা ক্রিকেট (এসএলসি)।

২৯ জানুয়ারি থেকে বিশ্ব চ্যাম্পিয়নশিপের অংশ হিসেবে দুই ম্যাচের টেস্ট সিরিজ শুরু করবে শ্রীলঙ্কা ও অস্ট্রেলিয়া। ৬ ফেব্রুয়ারি থেকে সিরিজের দ্বিতীয় ও শেষ টেস্ট খেলতে নামবে তারা। দু'টি টেস্টই গল'এ অনুষ্ঠিত হবে।

সর্বশেষ ২০২২ সালের জুন-জুলাইয়ে শ্রীলঙ্কা সফরে টেস্ট সিরিজ খেলেছিলো অস্ট্রেলিয়া। দুই ম্যাচের সিরিজটি ১-১এ ড্র হয়। সিরিজের প্রথম টেস্ট ১০ উইকেটে জিতেছিলো অস্ট্রেলিয়া। ঐ ম্যাচ দিয়ে ২০১১ সালের পর শ্রীলঙ্কা মাটিতে টেস্ট জয়ের স্বাদ পেয়েছিলো অসিরা। এরপর একই ভেন্যুতে দ্বিতীয় ও শেষ ম্যাচ ইনিংস ও ৩৯ রানে জিতে সিরিজ সমতায় শেষ করেছিলো শ্রীলঙ্কা।

১২ ম্যাচে ৬২.৫০ শতাংশ পয়েন্ট নিয়ে বর্তমানে টেস্ট চ্যাম্পিয়নশিপের পয়েন্ট টেবিলে দ্বিতীয়স্থানে আছে অস্ট্রেলিয়া। তৃতীয়স্থানে থাকা শ্রীলঙ্কার সংগ্রহে আছে ৯ ম্যাচে ৫৫.৫৬ শতাংশ পয়েন্ট। ১৩ ম্যাচে ৬২.৮২ শতাংশ পয়েন্ট নিয়ে টেবিলে শীর্ষে আছে ভারত।

ফেব্রুয়ারিতে পাকিস্তানের মাটিতে আইসিসি চ্যাম্পিয়ন্স ট্রফিকে সামনে রেখে প্রস্তুতি হিসেবে শ্রীলঙ্কার সাথে একটি ওয়ানডে ম্যাচ খেলবে অস্ট্রেলিয়া। ম্যাচটি ১৩ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে। তবে এখনও ওয়ানডে ম্যাচটির ভেন্যু চূড়ান্ত হয়নি।

২০২২ সালের জুনে শ্রীলঙ্কার মাটিতে সর্বশেষ ওয়ানডে ম্যাচ খেলেছিলো অস্ট্রেলিয়া। পাঁচ ম্যাচের ঐ সিরিজ ৩-২ ব্যবধানে জিতেছিলো লঙ্কানরা।

# পছন্দের শীর্ষে থাকা আইয়ারকে ছাড়ল কেন কলকাতা?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ১০ বছরের শিরোপাখরা কাটিয়ে আইপিএলের গত আসরে চ্যাম্পিয়ন হয়েছিল কলকাতা নাইট রাইডার্স। তবে এমন মুহূর্ত এনে দেওয়া অধিনায়ক শ্রেয়াশ আইয়ারকে এবার আর শাহরুখ খানের ফ্র্যাঞ্চাইজি রিটেনশন তালিকায় রাখেনি। মেগা নিলামের আগে তাকে ছেড়ে দিলো কলকাতা, যদিও নিলাম থেকেও তাকে নেওয়ার সুযোগ থাকছে। জানা গেছে, ছেড়ে দেওয়ার আগেও দলে পছন্দের শীর্ষে ছিলেন আইয়ার।

নিলামের আগে সর্বোচ্চ ছয়জন ক্রিকেটার ধরে রেখেছে কলকাতা নাইট রাইডার্স ও রাজস্থান রয়্যালস। কলকাতার রিটেনশনে আছেনু দুই ক্যারিবীয় অলরাউন্ডার আন্দ্রে রাসেল ও সুনীল নারিন। পাশাপাশি রিঙ্কু সিং, বরুণ চক্রবর্তী, হার্ষিত রানা এবং রমনদীপ সিংরাও আসন্ন আসরে তাদের বেগুনি-সোনালি জার্সি গায়ে তুলবেন। এর মধ্যে হার্ষিত ও রমনদীপ আছেন আনক্যাপড হিসেবে। তবে কলকাতায় গত আসরের চ্যাম্পিয়ন অধিনায়ক না থাকা নিয়ে শুরু হয়েছে আলোচনা-সমালোচনা।

আইয়ারকে রিটেনশনে না রাখার বিষয়টি ব্যাখ্যা করেছেন কলকাতার প্রধান নির্বাহী ভেঙ্কি মাইশোর। তিনি বলেছেন, 'শ্রেয়াস আইয়ার আমাদের রিটেনশন লিস্টের প্রথম নাম ছিল। তবে রিটেনশন প্রক্রিয়া সবসময় একপথে চলে না। এটি কেবল ফ্যাঞ্চাইজিরও বিষয় নয়। ফ্র্যাঞ্চাইজিতে থাকতে ক্রিকেটার কী চাচ্ছেন সেটিও গুরুত্বপূর্ণ। অবশ্যই তিনি আমাদের পছন্দের তালিকায় ছিলেন। তিনি আমাদের অধিনায়ক, সে লক্ষ্যেই ২০২২ সালে দলে নেওয়া হয় আইয়ারকে।'

এরপরই কলকাতায় না রাখার বিষয়ে প্রধান নির্বাহী বলেন, 'কিছু কিছু বিষয় আছে নিয়ন্ত্রণ করা যায় না। যদি কোনো ক্রিকেটার নিজের আর্থিক মূল্য যাছাই করতে চায় এবং সেজন্য নিলাম সবচেয়ে ভালো সুযোগ। তাকে সেটি করতে দেওয়াই উত্তম। কেকেআর সবসময়ই এমন মানসিকতা রাখে এবং তারপর খেলোয়াড়দের সমর্থন জানায়। ব্যক্তিগত পর্যায়ে শ্রেয়াসের সঙ্গে আমার খুব ভালো সম্পর্ক, তবে এটিও ঠিক যে সিদ্ধান্ত নেওয়ার স্বাধীনতা তার রয়েছে।'

# বোর্নমাউথের কাছে হেরে দুইয়ে সিটি, দারুণ জয়ে শীর্ষে লিভারপুল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ইংলিশ প্রিমিয়ার লিগে অপ্রত্যাশিত হার দেখেছে ম্যানচেস্টার সিটি। তাদের প্রথমবার হারানোর ইতিহাস গড়েছে বোর্নমাউথ। সিটি হেরেছে ২-১ গোলে। তাদের হারের দিনে ব্রাইটনের বিপক্ষে পিছিয়ে পড়েও ২-১ গোলের জয়ে শীর্ষে উঠেছে লিভারপুল। হাই প্রেসিং ফুটবলের ফলটা নবম মিনিটেই পেয়ে যায় বোর্নমাউথ। বাই লাইন থেকে মিলোস কারকেজের কাটব্যাকে জাল কাঁপান সেমেনইয়ো। সিটির জন্য প্রথমার্ধটা ছিল নিষ্প্রভ। লক্ষ্যে একটি বলও তারা পাঠাতে পারেনি। বিরতির পরও আত্মবিশ্বাস অটুট থাকে বোর্নমাউথের। প্রথম মিনিটেই ব্যবধান বাড়ানোর কাছে তারা চলে এসেছিল। তাদের চেষ্টাকে ব্যর্থ করে দেন এদেরসন। ৬৪ মিনিটে অবশ্য কোনও ভুল হয়নি এভানিলসনের। কারকেজের লো বল থেকে জাল কাঁপিয়েছেন। ২-০ গোলে পিছিয়ে পড়া সিটি শেষ পর্যন্ত ৮০ মিনিটে লক্ষ্য বরাবর বল পাঠাতে পারে। স্কোরশিটে নাম তুলেন গাভারদিওল। যোগ হওয়া সময়ে হাল্যান্ড চেষ্টা করেছিলেন একটি পয়েন্ট ছিনিয়ে নিতে। কিন্তু তার ক্লোজ রেঞ্জের শট লাইন থেকে সেভ হয়ে গেছে। এই পরাজয়ে সিটি দুইয়ে নেমে গেছে। আর লিভারপুল পিছিয়ে পড়েও ব্রাইটনকে হারিয়ে উঠে গেছে শীর্ষে। লিভারপুলের জয়ে দুটি গোলই হয়েছে দ্বিতীয়ার্ধে। ১৪ মিনিটে ফের্ডি কাদিগলুর গোলে স্কোর ১-০ করে ফেলেছিল ব্রাইটন। বিরতির পরই ভাগ্য বদলেছে মোহাম্মদ সালাহরা। ৬৯ মিনিটে বাম উইং থেকে কোডি গাকপোর ক্রস সরাসরি চলে যায় জালে। তিন মিনিট বাদে বাঁকানো শটে জয়সূচক গোলটি করেছেন সালাহ। নতুন কোচ আর্নে স্লটের অধীনে খেলা লিভারপুল ১৫ ম্যাচে পেয়েছে ১৩তম জয়। সিটির চেয়ে তারা এগিয়ে আছে দুই পয়েন্টের ব্যবধানে।

# ঘুরে দাঁড়িয়ে জিতে
## শীর্ষে লিভারপুল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আর্সেনাল-সিটির মতো শনিবার হারের হতাশায় পুড়তে পারত লিভারপুলও। ব্রাইটনের বিপক্ষে এদিন শুরতেই গোল খেয়ে বসেছিল অলরেডসরা।তবে বাকিরা না পারলেও এদিন দারুণ প্রত্যাবর্তনে জয় নিয়েই মাঠ ছেড়েছে মোহাম্মদ সালাহরা।

অ্যানফিল্ডে শনিবার প্রিমিয়ার লীগের শুরুতে পিছিয়ে পড়েও ২-১ গোলে জিতেছে লিভারপুল।ফের্দি কাদিওলু ব্রাইটনকে এগিয়ে নেওয়ার পর দ্বিতীয়ার্ধে সমতা ফেরান কোডি গাকপো। এরপর নিখুঁত এক ফিনিশে ব্যবধান গড়ে দেন সালাহ।

এই জয়ে সিটিকে টপকে প্রিমিয়ার লিগ পয়েন্ট তালিকার শীর্ষেও উঠে এসেছে আর্নে স্লটের দল

এদিন ১৪ তম মিনিটে পিছিয়ে পড়ে লিভারপুল। একাধিক বিফল আক্রমণের পর বিরতিতে যায় ০-১ গোলে পিছিয়ে থেকে।

তবে দ্বিতীয়ার্ধে ম্যাচের নিয়ন্ত্রণ ছিল লিভারপুলের হাতেই। বিরতির পর প্রথম ১০ মিনিটে তিনটি ভালো সুযোগ পায় অলরেডসরা। আলেক্সিস মাক আলিস্তেরের হেড ও সালাহর শট ঠেকান ভেরব্রুখেন, আর নুনেস দূরের পোস্টে শট নিতে ব্যর্থ হন।

তবে সফলতা আসে দ্রুত। ৬৯ মিনিটে সমতা এনে দেন কোডি গাকপো, এর তিন মিনিট বাদেই প্রতিআক্রমণ থেকে কোনাকুনি শটে দারুণ এক গোল করে লিভারপুলকে এগিয়ে দেন মোহাম্মদ সালাহ।

শেষ পর্যন্ত ২-১ ব্যবধানের স্বস্তি নিয়েই ম্যাচ শেষ করে লিভারপুল। তিন পয়েন্টের এই জয়ে প্রিমিয়ার লিগ পয়েন্ট তালিকার শীর্ষে উঠেছে স্লটের দল।

১০ ম্যাচ খেলে লিভারপুলের পয়েন্ট ২৫। সমান ম্যাচে ২৩ পয়েন্ট নিয়ে দ্বিতীয় স্থানে ম্যানচেস্টার সিটি। নটিংহাম ফরেস্ট ১৯ পয়েন্ট তৃতীয় এবং আর্সেনাল ১৮ পয়েন্ট নিয়ে চতুর্থ স্থানে

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR